GOVERNMENT OF INDIA
NATIONAL LIBRARY, CALCUTTA.

Class No. 182 JC

Book No. 80. 1

N. L. 38.

MGIPC—S8—6 LNL/56—25-7-56—50,000

## NATIONAL LIBRARY

This book was taken from the Library on the date last stamped. A late fee of 1 annaor 6 nP will be charged for each day the book is kept beyond a month.

N. L. 44.

MGIPC—S1—11 LNL/58—24-6-58—50,000.

650

# দাঊদের গীত ।

এবং

# যিশঈয়াহার ভবিষ্যৎ বাক্য ।

by William Carey

শ্রীরামপুরে ছাপা হইল ।

১৮০৩ ।

کتاب کالج فورٹ ولیم
किताब कालिज फ़ोर्टविलियम
পুস্তক কালেজ ফোর্টউলিয়ম

SP 1/66

NATIONAL LIBRARY
4343
CALCUTTA

# দাঁঊদের গীত।

180 Tc 80.1

## ১ প্রথম গীত।

১ ধন্য সে জন যে অধার্ম্মিকেরদের পরামর্শে যায় না
ও দাণ্ডায় না পাপী লোকের পথে ও নিন্দকেরদের
২ আসনে বসে না। কিন্তু য়িহুহার ব্যবস্থায় তাহার
সন্তোষ এবং তাহার ব্যবস্থায় ভাবে দিবারাত্রি।
৩ সে হইবে জলনদীনিকটস্থ রুপিত বৃক্ষের মত
যাহা স্বকালে ফল ফলে তাহার পাতা ম্লান হইবে না
৪ ও যাহা২ করে তাহাতে ভাগ্যবান হবে। অধার্ম্মি
কেরদের এমন নহে কিন্তু তাহারা বাতাসে ওড়নীয়
৫ ভুষির মত। অতএব অধার্ম্মিক দাণ্ডাইতে পাইবে
না বিচারে ও পাপীরা প্রকৃতার্থিকেরদের মণ্ডলিতে
নহে। কেননা য়িহুহা জানেন প্রকৃতার্থিকেরদের পথ
কিন্তু অধার্ম্মিকেরদের পথ নষ্ট হবে।

## গীত ২

১ ধর্ম্মেরা হুড়াহুড়ি করে কেন ও লোক কেন ঠাওরে
২ অনার্থক ক্রিয়া। পৃথিবীর রাজা অপনারা প্রবর্ত্ত
হইল এবং পতিরা পরস্পর পরামর্শ করে য়িহুহা ও
৩ তাহার অভিষিক্তের বিপরিতে। আইস আমরা

ভাঙ্গিয়া ফেলি তাহারদের বন্ধ ও ফেলিয়া দেই
৪ তাহারদের দড়ি আমারদিগ হইতে। যিনি স্বর্গে
বসেন তিনি হাসিবেন যিহুহা তাহারদেরে নিন্দা
৫ করিবেন। তখন তিনি ক্রোধে কহিবেন তাহার
দিগকে ও মনস্তাপিত করাইবেন তাহারদিগকে
৬ তাহার মহা ক্রোধে। তথাপি আমার রাজা
বসাইয়াছি আমার পবিত্র পর্বত চীয়নের উপর।
৭ আমি বর্ণিব সে নিয়ত যিহুহা কহিয়াছেন আমাকে
তুমি আমার পুত্র আজি জন্মাইয়াছি তোমাকে।
৮ আমার কাছে চাহ এবং আমি দিব বর্গন তোমার
অধিকারের কারন ও পৃথিবীর অতিদূর ভাগ তোমার
৯ ধীনের কারন। তুমি ভাঙ্গিবা তাহারদিগকে লোহার
দণ্ড দিয়া ও ভাঙ্গিয়া ফেলিবা তাহারদিগকে কুম্ভকা
১০ রের পাত্রের মত। অতএব রাজারাহে তোমরা
বুদ্ধিবান হও হে পৃথিবীর বিচার কর্ত্তারা তোমরা
১১ উপদিষ্ট হও। ভয়েতে যিহুহার সেবা কর ও কাঁপনে
১২ আনন্দ কর। চুম্বন কর পুত্রকে পাছে তিনি ক্রোধিত
হইবেন ও তোমারদের বিনাশ হয় সে পথ হ[illegible]
তাহার ক্রোধ কেবল কিঞ্চিত জ্বলিয়া। ধন্য সে
সকলকে যাহারা বিশ্বাস করে তাহায়।

গীত ৩ দাঊদের এক গীত যখন পালাইয়াছিল অবশালোম
হইতে।

১ যিহুহা তাহারা কেমন বাড়িয়াছে যাহারা দুঃখ
দেয় আমাকে তাহারা অনেক যাহারা উঠে আমার

## ৩ তৃতীয় গীত।

২ বিপরিতে। অনেকে বলিতেছে আমার আত্মার
৩ বিষয় ঈশ্বরে তাহার রক্ষা নহে। সেলা। কিন্তু হে
য়িহ্‌হা তুমি আমার নিমিত্তক ঢাল আমার তেজ ও
৪ আমার মাথার উত্থানকর্ত্তা। আমি উচ্চরবে
নিবেদন করিলাম য়িহ্‌হার কাছে ও তিনি তাহার
পবিত্র পর্ব্বত থাকিয়া শুনিলেন আমার কথা। সেলা।
৫ আমি আপনি শুইয়া নিদ্রায় ছিলাম আমি চৈতন্য
৬ হইলাম য়িহ্‌হা রক্ষা করিলেন আমাকে। দশ২
সহস্র লোক আমার বিপরিতে চতুর্দ্দিগে সজ্জমান
৭ হইলে তত্রাপি আমি ভয় করিব না। হে য়িহ্‌হা
উঠ ওহে আমার ঈশ্বর ত্রাণ কর আমাকে কেননা
তুমি চড় মারিয়াছ আমার সকল শত্রুরদিগকে
৮ তুমি অধার্ম্মিকেরদের দন্ত ভাঙ্গিয়াছ। তারণ
য়িহ্‌হার তোমার আশীর্ব্বাদ হউক তোমার লোকের
উপর।

গীত ৪ অয়ীকে নগিনতে দাওদের এক গীত।

১ হে আমার ধর্ম্মের ঈশ্বর আমি চেঁচাইলে আমার
কথা শুন আমি দুঃখে হইয়া তুমি বাড়াইয়াছ আমাকে
২ অনুগ্রহ করিয়া শুন আমার নিবেদন। মানুষের
সন্তানেরারে কতকাল আমার গৌরব লজ্জাতে
করাইবা কতকাল অনর্থক ক্রিয়া ভাল বাসিবা এবং
৩ মিথ্যা কথা কহিতে চেষ্টা করিবা। সেলা। জানহ যে
য়িহ্‌হা ভিন্ন করিয়াছেন পুন্যবানকে আপনার কাছে।
য়িহ্‌হা শুনিবেন আমার কথা যখন প্রার্থনা করি

৪ তাহার কাজে। ভয়াম্বিত হও পাপ করিও না শয্যের
৫ ওপর মনে কহিতেং চুপ করিয়া থাক। সেলা। ধর্ম্ম
৬ ক্রিয়া ওৎসর্গ কর ও য়িহুহাতে বিশ্বাস কর। অনেকে
বলে আমারদের ভাগ্য দেখাইবে কে হে য়িহুহা
৭ তোমার মুখ প্রসন্ন কর আমারদের ওপর। আমার
মনে আনন্দ দিয়াছ তাহারদের শস্য ও দ্রাক্ষারস
৮ বাড়ানকাল হইতে অধিক। আমি কুশলে শুইয়া
নিদ্রিত হইব কেননা হে য়িহুহা তুমি কেবল নিরাপদে
বাস করাইতেছ আমাকে

গীত ৫

দাঊদের গীত নক্কিলতে জয়ীর কারণ।

হে য়িহুহা শুন আমার কথা আমার ভাব
নেতে মনযুক্ত হও। হে আমার রাজা ও আমার
ঈশ্বর শুন আমার চেঁচান কেননা আমি নিবেদন
৩ করিব তোমার স্থানে। ওহে য়িহুহা প্রাতঃকালে শুনিবা
আমার রব প্রাতে তোমার ঠাঁই প্রার্থনা করিব ও ঊর্দ্ধ
৪ দৃষ্ট করিব কেননা তুমি পাপাহ্লাদিত প্রভু নহ
কুক্রিয়া বাস করিতে পাইবে না তোমার সহিত
৫ অজ্ঞানেরা দাণ্ডাইতে পাইবে না তোমার বর্ত্তমান
৬ তুমি ঘৃণা করিতেছ সকল কুকর্ত্তারদিগকে। মিথ্যা
বক্তারদিগকে সংহার করিবা য়িহুহা ঘৃণা করিবেন
৭ খুনি ও কপটী লোককে। কিন্তু আমি তোমার অনেক
অনুগ্রহেতে প্রবেশ করিব তোমার মন্দিরে তোমার
৮ ভয়েতে ভূমিষ্ঠ হইব তোমার পবিত্র গৃহে। তোমার
ধর্ম্মে পথ দেখাও আমাকে আমার শত্রুরদের কারণ

৯ তোমার পন্থ সোজা কর আমার সন্মুখে। কেননা
মিথ্যা বাক্য তাহারদের মুখে নহে তাহারদের
অন্তর দুষ্টতা মাত্র তাহারদের নলি ওদলা কবর
১০ জিহ্বায় সুন্দর কথা কহে হে ঈশ্বর নষ্ট কর
তাহারদিগকে তাহারা পতন হওক আপনারদের
পরামর্শ হইতে তাহারদের অনেক দোষে খেদিয়া
দেহ তাহারদিগকে কেননা তাহারা অতিক্রম করিয়াছে
১১ তোমাকে। তোমার শরণাগতেরা আনন্দিত হওক
তাহারা সদাকাল উল্লাষিত হওক কেননা তুমি
ছাইতেছ তাহারদের ওপর। যাহারা প্রেম করে
তোমার নাম তাহারা হরিষ হওক তোমাতে।
১২ কেননা ওহে য়িহহা তুমি আশীর্ব্বাদ দিবা
ধর্ম্মিককে যেমন ঢাল দিয়া তেমন অনুগ্রহ
বেড়িবা তাহাকে।

গীত ৬ দাওদের গীত নগিনতে অষ্টীর কারন সমিনতে।

১ অহে য়িহহা ক্রোধিত হইয়া বিরুদ্ধ হইও
না আমাতে এবং তপ্ত ক্রোধিৎ হইয়া সাজা দেহ না
২ আমাকে। দয়া কর আমাকে হেয়িহহা কেননা
আমি দুর্ব্বল সুস্থ করাও আমাকে হেয়িহহা
৩ কেননা আমার অস্থি থরং করে আমার
প্রাণ অতি ব্যাকুল আছে হে য়িহহা কতকাল
৪ পর্য্যন্ত। হে য়িহহা ফির মুক্ত কর আমার প্রাণ
৫ তোমার কৃপার নিমিত্ত ত্রাণ কর আমাকে কেননা

মৃত্যুতে তোমার স্মরন নহে কে করিবে তোমার
৬ প্রসংশা কবরে। আমার কোঁকানেতে শ্রান্ত হইয়াছি
আমি ভাসাই আমার শয্যা সমস্ত রাত্রে চক্ষের
৭ পানিতে ভিজাই আমার আসন। শোকেতে
আমার চক্ষু খাইয়া গেল তাহা বুড়া হইল আমার
৮ সকল জোরকর্ত্তার জন্য। তোমরা সকল কুকর্ত্তারা
দূর হও আমা হইতে কেননা যিহোহা শুনিয়াছেন
৯ আমার ক্রন্দন শব্দ যিহোহা শুনিয়াছেন আমার
১০ কামনা যিহোহা গ্রহন করিয়াছেন আমার নিবেদন।
আমার সকল শত্রু লজ্জিত ও অতিত্যক্ত হউক
তাহারা ফিরিয়া শীঘ্র লজ্জিত হউক।

গীত শিগায়ন যাহা দাঊদ গাইলেন যিহোহার কাছে
৭ বেনিমন খাশের কথার বিষয়।

১ হে যিহোহা আমার ঈশ্বর আমার বিশ্বাস তোমাতে
ত্রান কর আমাকে সকল বিপক্ষ হইতে ও নিস্তার
২ কর আমাকে তা নহিলে আমার প্রানকে চিরিবে
সিংহের মতে ও তারক বর্ত্তমান না হইলে তাহা
৩ চিরিয়া ফেলিবে। হে যিহোহা আমার ঈশ্বর
যদি এমন করিয়া থাকে যদি অযথার্থ হয় আমার
৪ হাতে যদি তাহার মন্দ করিয়া থাকি যে এক শীল
আমার সহিত বটে আমি মুক্ত করিয়াছি তাহাকে
৫ যে আমার অকারন শত্রু। তবে শত্রু আমার
প্রানকে তাড়িয়া ধরুক ও মৃত্তিকায় দলাউক আমার
প্রান ও বাস করাউক আমার সম্ভ্রম ধুলায়।

৭ সপ্তম গীত ।

৬ সেলা । হে য়িহুহা ক্রোধেতে ওঠ আমার শত্রুরদের
ক্রোধের কারনে খাড়া হও যে বিচার আজ্ঞা দিয়াছ
৭ তাহাতে জাগ্রত হও আমার কারন তাহাতে লোকের
ভিড় বেড়িবে তোমাকে অতএব তাহারদরামধ্যে
৮ ওপরে ফির । য়িহুহা লোকেরদের বিচার
করিবেন হে য়িহুহা আমার বিচার কর আমার
৯ ধর্ম্ম ও আমার সাধুশীলানুযায়ি । দুষ্ট লোকের
দের দোষের শেষ হওক কিন্তু ধার্ম্মিকেরদিগকে
স্থির কর কেননা যথার্থিক ঈশ্বর বিচার করেন
১০ হৃদয় ও অন্তঃকরণ । আমার ঢাল ঈশ্বর তিনি রক্ষা
১১ করেন শুদ্ধান্তঃকরণীয়েরদিগকে । ঈশ্বর যথার্থি
কেরদের বিচারকর্ত্তা ঈশ্বর কোপিত সমস্ত দিনে ।
১২ যদি তাঁহারা ফিরে না তবে তাহার তলোয়ার শান
দিবেন তাহার ধনুক চাড়াদিয়া প্রস্তুত করিয়াছেন
১৩ মারিবার অস্ত্র ও প্রস্তুত করিয়াছেন তাহার কারন
তাহার বান নিরূপিত আছে বিপক্ষেরদের বিপরিতে ।
১৪ দেখ সে প্রসব হইল অযথার্থ কুক্রিয়া গর্ভ ধরিয়াছে
১৫ ও মিথ্যতা জন্মিল । সে খাদ করিয়াছে ও তাহা
খুদিয়াছে যে খাদ করিয়াছে তাহাতে পড়িল ।
১৬ তাহার কুসন্ধান ফিরিবে আপনার মাথায় আপনার
১৭ দৌরাত্মাতা পড়িবে আপনার শিরে । আমি স্তব
করিব য়িহুহাকে তাহার প্রকৃতার্থেরানুযায়ি ও গীত
গাইব অতি মহা য়িহুহার নামেতে ।

গীত ৮ দাঊদের গীত জয়ীকে গত্তিতের ঊপর।

হে য়িহুহা আমারদের ভগবান কেমন মহা
তোমার নাম সকল পৃথিবীতে যে রাখিয়াছ
২ তোমার স্তব স্বর্গের উপরে। বালক ও স্তন্য
পান বালকেরদের মুখ হইতে তুমি বল নিরুপন
করিয়াছ তোমার তোরকর্তার কারনে শত্রু ও
৩ দায়ককে চুপ করনার্থে। যখন আমি দৃষ্ট করি
তোমার অঙ্গুলিকৃত স্বর্গেরদিগে চন্দ্র ও নক্ষত্র যাহা
৪ তুমি প্রস্তুত করিয়াছ মানুষ কি যে তাহার স্মরন
করিতেছে ও মানুষের সন্তান কি যে দেখা করিতেছে
৫ তাহরে সহিত। দুত হইতে অল্প নিচ করিয়াছ
তাহাকে এবং সম্ভ্রম ও নামমুকুট দিয়াছ তাহার
৬ মাথায় তোমার হস্তসৃষ্টি কর্তৃত্ব করাইয়াছ
৭ তাহাকে সকলে দিয়াছ তাহার চরনের নিচে সকল
৮ মেষ ও গরু ও বন জন্তু ও শূন্যের পক্ষী ও সমুদ্রের
৯ মৎস্য এবং যাহা২ যায় সমুদ্রের পন্থে। অহে
য়িহুহা আমারদের ভগবান তোমার নাম কেমন
মহা সকল পৃথিবীতে।

গীত ৯ মোত্তনবনের জয়ীকে দাঊদের গীত।

হে য়িহুহা সর্ব্বান্তঃকরনে তোমার নাম করিব
২ আমি বর্নিব তোমার সকল আশ্চর্য্য কার্য্য। আমি
হরিষ হইয়া উল্লাসিত হইব তোমাতে অহে সর্ব্বাধ্যক্ষ
৩ আমি গাইব তোমার নামে। আমার শত্রু ফিরিয়া
৪ যাইতে২ পড়িবে ও নষ্ট হইবে তোমার গোচরে।

কেননা তুমি করিয়াছ আমার বিচার ও মকদ্দমা
৫ তুমি সিংহাসনের উপর বসিয়াছ প্রকৃত বিচার
করনেতে। বর্ণগণকে ধমকাইয়াছ পাপরের
দিগকে সংহার করিয়াছ তাহারদের নাম কাটিয়া
৬ ফেলিয়াছ সদা সর্ব্বক্ষনে। আরে শত্রু
নিরালয়ের পূর্ন শেষ হইল তুমি নষ্ট করিয়াছ সহর
তাহারদের নাম ও লোপ হইয়াছে তাহারদের সহিত।
৭ যিহুহা সদাকাল থাকিবেন আপনি সিংহাসন প্রস্তুত
৮ করিয়াছেন বিচারের কারন। তিনি জগতের প্রকৃত
বিচার করিবেন লোকেরদের ন্যায় করিবেন শুদ্ধ
৯ তায়। যিহুহা ও হইবেন ভোর পাপী লোকের আশ্রয়
১০ তাহারদের আশ্রয় বিরুদ্ধ দশায়। এবং যাহারা
জানে তোমার নাম তাহারা বিশ্বাস করিবে তোমায়
কেননা তুমি হে যিহুহা কখন না ছাড়িয়াছ
তাহারদিগকে যাহারা চেষ্টা করে তোমাকে।
১১ জীয়নবাসীযিহুহার ঠাঁই গীত গাও প্রকাশ
১২ কর তাহার ক্রিয়া বর্ণেরদের মধ্যে। কেননা
তজবিজ করন কালে তিনি মনে রাখেন তাহারদের
খুন দুঃখিত লোকের চেঁচান বিস্মৃতি হইলেন না।
১৩ হে যিহুহা কৃপা কর আমাকে দেখ আমার কি দুঃখ
আমার ঘৃনা কর্ত্তারদের দ্বারায় হে তুমি যে উঠাইতেছ
১৪ আমাকে মৃত্যুর দ্বার হইতে। তাহাতে তোমার সকল
প্রসংশা করিতে পারিব জীয়নের কন্যার বাটীতে
১৫ তোমার ত্রানে উল্লাষিত হইব। দেবপূজকেরা ডুবিয়াছে

আপনারদের কৃতখাদে যে জাল গুপ্তে পাতিল
১৬ তাহাতে তাহারদের পায়ে ধরিল। য়িহুহা যে বিচার
করেন তাহাতে জানা যান পাপির ধরা গেল আপনার
১৭ নিজের কর্ম্মে। হগীয়ন সেলা। দুষ্টেরদিগকে
ফেলাইতে হবে নরকে এবং যে সকল বর্ণ বিস্মৃতি
১৮ হইয়াছে ঈশ্বরকে। কেননা গরিবকে সদাকাল
মনস্ত্যাজ্য হইবে না গরিবের ভরসা সর্ব্বদা বৃথা
১৯ হইবে না। হে য়িহুহা উঠ মানুষ যেন পরাজয় করে
২০ না বর্ণেরদের বিচার হউক তোমার গোচরে। ও
হে য়িহুহা তাহারদিগের ভয় জন্মাও বর্ণগনের জানি
বার কারন যে আপনারা মনুষ্য মাত্র। সেলা।

গীত ১০ হে য়িহুহা কেন দূর দাণ্ডাইতেছ বিপদ্ কালে
গুপ্ত রহিতেছ কি কারন। দুষ্ট অহঙ্কারী হইয়া
বিপক্ষতা করিতেছ গরিবকে যাহা ঠাওরিয়াছে
৩ তাহাতে ধরা যাউক তাহারা। দুষ্ট যে সে দর্প কথা
কহে আপনার মনোরথের বিষয় এবং বর দেয় কৃপ
৪ নকে যাহারদিগকে য়িহুহা ঘৃনা করেন। দুষ্ট যে ব্যক্তি
সে আপনার মুখের অহঙ্কারেতে চেষ্টা করে না
৫ ঈশ্বর নহে তাহার মনের কোন ভাবে। তাহার পথ
নিত্য অমঙ্গল তোমার বিচার অতি ঊর্দ্ধ তাহার দৃষ্ট
হইতে তাহার সকল শত্রু কি সে তুচ্ছ করে তাহার
৬ দিগকে। সে অন্তঃকরনে বলিয়াছে আমি নড়িব না
৭ আমার দুর্ভাগ্য কখন হবে না। তাহার মুখ শাপ ও
ফাঁকি ও ভ্রান্তি পূর্ন তাহার জিহ্বার নিচে হিংসা ও
৮ শূন্যতা। সে গ্রামের গুপ্ত স্থানে বসে অপ্রকাশ

## ১০ দশম গীত।

স্থানে হত্যা করে অহিংসককে অন্তরে তাহার চক্ষু
৯ গরিবের বিপরিতে। যেমন সিংহ আপনার বাসায়
ভিতর লুকিয়া থাকে সে লুকিয়া থাকে গরিবকে
১০ ধরিতে সে গরিবকে জালে আটকিয়া ধরে। সে
ডুবিহানে সে আপনাকে সঙ্কোচিত করে যেন গরিব
১১ লোকে পড়িবে তাহার বলধান জনের হাতে। সে
অন্তঃকরনে বলি গাছে ঈশ্বর বিস্মৃতি হইয়াছেন তিনি
১২ মুখ ফিরেন তিনি কদাচ দেখিবেন না। হে প্রভু উঠ
হে ঈশ্বর তোমার হাত উঠাও নম্র লোককে বিস্মৃতি
১৩ হইও না। দুষ্ট যে জন সে তুচ্ছ করে ঈশ্বরকে কেন
না অন্তঃকরনে সে বলিয়াছে তুমি দায়া করিবা না।
১৪ তুমি দেখিয়াছ কেননা দেখিতেছ হিংসা ও কর্ন্তপ
তা তাহার দায়া করিতে গরিব আপনার প্রাণ দেয়
১৫ তোমাকে তুমি পিতাহীনের উপকারি। দুষ্ট ও
পাময় লোকের হাত ভাঙ্গিয়া ফেল চেষ্টা কর তাহার
১৬ দুষ্টতা যাবৎ পর্য্যন্ত কিছু পাও না। য়িহহা সদা
সর্ব্বক্ষনের রাজা দেবপুজকেরদের নাশ হইল দেশ
১৭ হইতে। হে য়িহহা তুমি শুনিয়াছ নম্র লোকের
বাঞ্ছা তুমি প্রস্তুত করিবা তাহারদের অন্তঃকরন
১৮ তুমি আপন কর্ন শুনাইবা পিতাহীন ও দুঃখিত
লোকেরদের বিচার করিতে যেন পৃথিবীর মানুষ
আর জোর করিতে পাইবে না।

## দাওদের গীত অগ্রীকে।

গীত
১১ আমি বিশ্বাস করি য়িহহাতে আমার প্রানকে

১১ একাদশীয় গীত।

কেন বল তোমারদের পর্ব্বতে ওড় পক্ষীর মত।
২ দেখ দুষ্ট লোক ধনুক চাড়া দিয়াছে তাহারা বান
প্রস্তুত করিয়াছে গুনের ওপর গুপ্ত এড়িতে সরলান্তঃ
৩ করনীয়েরদের গায়। ভীত নষ্ট হইলে প্রকৃতার্থিক কি
৪ করিবে। যিহুহা আছেন আপনার পবিত্র মন্দিরে
যিহুহার সিংহাসন স্বর্গে তাহার চক্ষু দেখে তাহার
৫ ভ্রু তজবিজ করে মানুষের সন্তানেরদিগকে যিহুহা
তজবিজ করেন প্রকৃতার্থিককে কিন্তু দুষ্ট ও দৌরাত্ম্যে
৬ রদিগকে তাহার প্রাণ ঘৃণা করে। দুষ্ট লোকের ওপর
তিনি বর্ষাইবেন ফাঁদ ও অগ্নি ও গন্ধক ও প্রচণ্ড ঝড়
৭ এই তাহারদের বাটির ভাগ কেননা ধার্ম্মিক যিহুহা
প্রেমকরেন ধর্ম্ম তাহার মুখ দেখে সাধুকে।

দাওদের এক গীত সমিনিতে অয়ীকে।

গীত ১২ হে ঈশ্বর ওপকার কর কেননা ধার্ম্মিক লোক ক্ষয়
হইল বিশ্বাসী লোকেরদের ক্ষয় হইল মানুষের সন্তানি
২ হইতে। তাহারা প্রতি জন পড়সীর সহিত শূন্য
কথা কহে তাহারা খোসামদি ওষ্ঠাধরের দ্বিধা মনে
৩ কহে। যিহুহা ছেদন করিবেন সকল খোসামদি
৪ ওষ্ঠাধর ও জিহ্বা যাহা অহংকার কথা কহে যাহারা
কহিয়াছে জিহ্বতে জিনিব আমারদের ওষ্ঠাধর
৫ আমারদের নিজ আমারদের প্রভু কে। যিহুহা
কহেন গরিব লোকের জোর পাওন ও তমাস্তিক
লোকের কোঁকানের কারনে আমি উঠিব আমি রক্ষা
৬ করিব তাহাকে তাহার নিন্দক হইতে যিহুহার

১২ দ্বাদশায় গীত।—

৬ কথা শুদ্ধ কথা কপার মত যার সাতবার পরখাই
৭ হইয়াছে মৃত্তিকা আখরে। অহে য়িহুহা তুমি
রক্ষা করিবা তাহারদিগকে সদাকাল এই পুরুষ
৮ হইতে। দুষ্টেরা বেড়ায় পুতিদিগে যখন পামর
লোকের সম্ভ্রম হয়।—

জয়ীকে, দাওদের এক গীত।—

গীত ১৩ হে য়িহুহা কত কাল বিস্মৃতি হইবা আমাকে
সদাকাল কতকাল তোমার মুখ গোপনে রাখিবা
২ আমা হইতে অন্তঃকরনে নিত্য দুঃখিত কতকাল
পরামর্শ করিব আপনার মনে আমার বৈরি কতকাল
৩ হইবে আমার ওপর। হে য়িহুহা আমার ঈশ্বর
শুন আমার কথা দিপ্তি কর আমার চক্ষু নতুবা
৪ মরন নিদ্রা করি। পাছে আমার শত্রু বলে আমি
জয় করিয়াছি তাহাকে পাছে আমি লড়িয়া যাহারা
৫ দুঃখ দিতেছে আমাকে তাহারা আনন্দিত হয়। কিন্তু
আমি বিশ্বাস করিয়াছি তোমার কৃপায় তোমার
৬ ত্রানে আমার মন হরিষ হইবে। য়িহুহার কাছে
গীত গাইব কেননা তিনি পুতিফল দিয়াছেন আমাকে।

জয়ীকে দাওদের গীত।—

গীত ১৪ ক্ষিপ্ত কহিয়াছে অন্তঃকরনে ঈশ্বর নহে। তাহারা
নষ্ট তাহারা ঘৃনিত কার্য্য করিয়াছে কেহ সুক্রিয়া
২ করে-না। য়িহুহা মানুষের সন্তানের ওপর দৃষ্টি পাত
করিলেন স্বর্গে থাকিয়া দেখিতে যদি কেহ বুঝে কি না

৩ যদি কেহ ঈশ্বরকে চেষ্টা করে কি না। তাহারা সকল
ফিরিয়াছে তাহারা সকল এক সাহিত মলা হইয়াছে
৪ এক জন সুক্রিয়া করে না বটে এক জন নহে। সকল
কুকর্ত্তারদের কি কিছু জ্ঞান নাহি যাহারা খাইয়া ফেলে
আমার লোককে যেমন রুটি খায় ও নিবেদন করে না
৫ য়িহহার কাছে। সেখানে তাহারা বড় ভয়ে ছিল
কেননা ঈশ্বর আছেন ধার্ম্মিক পুরুষের মধ্যে।
৬ তোমরা লজ্জিত করাইয়াছ গরিবের পরামর্শ য়িহহা
৭ তাহার ভরসা। আহা যদি য়িশরালের ত্রাণ
আসিত চীয়ন হইতে যখন য়িহহা ফিরান তাহার
লোকের লুট তখন যাঁকুব আনন্দিত হইবে য়িশরাল
হরিষ।—

দাঊদের এক গীত।—

গীত হে য়িহহা কেডা রহিবে তোমার তাম্বুতে কেডা
১৫ বাস করিবে তোমার পবিত্র পর্ব্বতে। যে শুদ্ধ
আচরন ও সুকৃত কার্য্য করে ও অন্তঃকরন থাকিয়া
৩ সত্য কথা কহে। যে জিহ্বাতে চোকলখোরি করে না
৪ এবং প্রতিবাসীর হিংসা ও বদনাম করে না। যাহার
গোচরে পামর লোক তুচ্ছিত হয় কিন্তু যাহারা ভয়
করে য়িহহাকে তাহারদিগিকে সম্ভ্রম করে—যে আপনার
৫ ক্ষেতিতে কিরা করিয়া ফিরে না। যে সুদের কারণ
ধন দেয় না ও অহিংসকেরে হিংসা করিতে
রেস্নোয়াত লয় না। যে জন এ কার্য্য করে সে কখন
লড়িবে না।

## ১৬ ষোড়ষ গীত ।—

### দাঊদের মিথতাম ।—

গীত হে প্রভু রক্ষা কর আমাকে কেননা আমার বিশ্বাস
১৬ তোমাতে। হে আমার আত্মা তুমি কহিয়াছ
যিহুহাকে তুমি আমার ভগবান আমার ধর্ম্ম লাগে
৩ না তোমাকে কিন্তু পৃথিবীতে যে পুণ্যবান তাহারদিগকে
ও সাধুকে যাহারদেরে আমার নিতান্ত সান্তোষ ।
৪ যাহারা তাগাদা অন্যথা করে তাহারদের দুঃখ
বাড়িবে তাহারদের পানীয় রক্তোৎসর্গ আমি
দিব না তাহারদের নাম ও লইব না আমার ওষ্ঠা
৫ ধরে । যিহুহা আমার অধিকার ও বাটীর ভাগ
৬ তুমি স্থির করিতেছ আমার বাঁট । আমার দড়ি
পড়িয়াছে সুন্দর স্থানে আমার দিব্য অধিকার আছে ।
৭ আমি যিহুহাকে কহিব ধন্য যিনি পরামর্শ দিয়াছেন
আমাকে আমার অন্তর রাত্রে ও উপদেশ কহে
৮ আমাকে । আমি নিত্য রাখিয়াছি যিহুহা আমার
সন্মুখে তিনি আছেন আমার দক্ষিন হস্তে তেকারন
৯ আমি নড়িব না। অতএব আমার অন্তঃকরন আনন্দিত
আছে আমার তেজ হর্ষ আমার কলেবর ও ভরসায়
১০ বিশ্রাম করিবে। কেননা তুমি নরকে ছাড়িবা না
আমার আত্মাকে তোমার ধার্ম্মিককে ক্ষয় দেখিতে দিবা
১১ না। জীবনের পথ দেখাইবা আমাকে তোমার বর্ত্তমানে
পূর্ন আনন্দ ও তোমার দক্ষিন হাতে অনন্ত কুশল ।

### দাঊদের নিবেদন ।—

গীত হে যিহুহা শুদ্ধ যাহা তাহা অবধান কর আমার

## ১৭ সপ্তাদশম গীত।

ঠেঁচান শুন আমার কামনা যাহা মিথ্যা ওষ্ঠাধির দিয়া
২ বাহিরে নহে তা শুন। আমার এন্সাফ বাহিরিবে
তোমার সাক্ষাত হইতে প্রকৃত যাহা তাহাতে তোমার
৩ চক্ষু দৃষ্টি করুক। তুমি তজবিজ করিয়াছ আমার
অন্তঃকরণে তুমি রাত্রে দেখা করিয়াছ আমার
সহিত আমাকে তজবিজ করিয়া কিছু পাইবা না
আমি নিয়ম করিয়াছি যে আমার মুখ চুক করিবে না।
৪ মানুষের কার্য্যের বিষয় তোমার ওষ্ঠাধিরের কথা
৫ দিয়া আমি নাশকের পথ ছাড়িয়াছি। আমাকে গমন
করাও তোমার পন্থে যেন আমার পা পিছলিয়া পড়ে
৬ না। তোমার ঠাঁই নিবেদন করিয়াছি কেননা তুমি হে
ঈশ্বর শুনিবা আমাকে অবধান করিয়া শুন আমার
৭ কথা। তোমার আশ্চর্য্য স্নেহ দেখাও হে নিজ বাহু
বলে ভরসাগুস্তেরদের তারক তাহারদিগ হইতে যে
৮ উত্থান করে। রক্ষা কর আমাকে যেন আপনার চক্ষুর
তারা আপনার পাকার ছাইয়ায় রক্ষা কর আমাকে
৯ দুষ্টেরদিগ হইতে যাহারা জোর করে আমার উপর
আমার নিতান্ত শত্রু হইতে যাহরা বেড়ে আমাকে।
১০ তাহারা ডুবিয়াছে আপনারদের চরবিতে তাহারা মুখ
১১ দিয়া অহঙ্কার কথা কহে। তাহারা এখন বেড়ে
আমারদিগিকে আমারদের গমনে তাহারা চক্ষু
১২ রাখিয়াছে মৃত্তিকারদিগে যেমন সিংহ আপনার
সীকার ধরিতে ঐচ্ছুক ও যেমন যুবা সিংহ যে
১৩ অপ্রকাশ স্থানে থাকে। হে যিহুয়া তাহার সম্মুখ
কর তাহাকে পতন কর ত্রাণ কর আমার প্[illegible]

১৪ দিগী হইতে যাহারা তোমার তলোয়ার। হে য়িহুহা
তোমার হস্ত মনুষ্য হইতে এ জগতের মানুষ হইতে
যাহারদের অধিকার এ পুয়ায়ুতে ও যাহারদের পেট
তোমার গুপ্ত ধন পুর্ন করিতেছ। তাহারা বালক
পূর্ন ও তাহারদের বক্রি ধন ছাড়ে আপনারদের
১৫ বালকেরদের কারন। কিন্তু আমি ধর্ম্মে দেখিব
তোমার মুখ আমি তোমার রূপে চৈতন্য হইয়া
পরিতোষ হইব।

গীত ১৮ অগ্রীকে য়িহুহার দাস দাঔদের গীত যে
কহিল এ গীতের কথা য়িহুহাকে সে দিনে যাহাতে
য়িহুহা পরিত্রান করিলেন তাহাকে তাহার সকল
শত্রু ও শাঔলের হাত হইতে। তৎকালে সে
বলিল।

১ ওহে য়িহুহা আমার বল আমি প্রেম করিব
তোমাকে। য়িহুহা আমার শিলাময় ও আমার গড়
২ ও আমার তারক আমার প্রভু আমার আশ্রয় যাহাতে
আমার বিশ্বাস আমার ঢাল আমার ত্রানের শৃঙ্গ
৩ ও আমার উচ্চগড়। আমি নিবেদন করিব স্তবা হওন
যোগ্য য়িহুহার কাছে সে মত রক্ষা পাইব আমার শত্রু
৪ হইতে। মরনদুর্গতি বেড়িল আমাকে দুষ্ট লোকের
৫ প্লাবত ভয় দেখাইল আমাকে। নরকের দুঃখ
বেড়িল আমাকে মৃত্যুর দড়ি জিল আমার চতুর্দ্দিগে
৬ আমার বিসম কালে নিবেদন করিলাম য়িহুহার

কাছে ও চেঁচাইলাম আমার ঈশ্বরের ঠাঁই তিনি
শুনিলেন আমার কথা আপনার আলয় থাকিয়া এবং
আমার চেঁচান উপস্থিত ছিল তাহার কাছে তাহার
৭ কর্ণ গোচরে। তখন তিনি ক্রুদ্ধ হইলে পৃথিবী নড়িল
৮ ও কাঁপিল পর্ব্বতের ভীত নড়িল ও সরিল। ধূম
বাহিরিল তাহার নাকের ছিদ্র হইতে। তাহার মুখ
থাকিয়া আগুন খাইয়া ফেলিল তাহা দিয়া অঙ্গার
৯ প্রজ্বলিত ছিল। তিনি স্বর্গ দণ্ডবৎ করাইয়া নামি-
১০ লেন ও অন্ধকার তাহার পদতলি। তিনি ও সরবা
রোহন করিয়া উড়িলেন বটে তিনি উড়িলেন
১১ বাতাসের পাখায়। তিনি করিলেন অন্ধকার তাহার
অপ্রকাশ স্থান তাহার চতুর্দ্দিগের পরদা ঘোর জল
১২ ও গগনের ঘোর মেঘ। তাহার অগ্রগামি তেজেতে
তাহার ঘোর মেঘ ও শীল ও আগ্নের অঙ্গার চলিয়া
১৩ গেল। যিহুহা ও মেঘের গর্জ্জন করাইলেন স্বর্গে
থাকিয়া ও সর্ব্বাধিক্ষ তাহার রব প্রকাশ করিলেন
১৪ শীল ও আগ্নির অঙ্গার। বটে তিনি তাহার বান
এড়িয়া ভিন্ন করিলেন তাহারদিগকে তিনি বিদ্যুত
১৫ এড়িয়া পলায়ন করাইলেন তাহারদিগকে। তৎকালে
জলের দাড়া দেখা গেল তোমার ধমকাওনেতে জগ
তের ভীত প্রকাশ ছিল হে যিহুহা তোমার নিশ্বাসের
১৬ স্রোতে। তিনি উপর হইতে পাঠাইয়া লইলেন আমাকে
তিনি টানিলেন আমাকে অনেক জল হইতে।
১৭ তিনি পরিত্রাণ করিলেন আমাকে আমার বলবান শত্রু
হইতে ও তাহারদিগ হইতে যাহারা ঘৃণা করিল

আমাকে কেননা তাহারা ছিল আমা হইতে বলবান।
১৮ আমার দুঃখ দিনে তাহারা আমার অগ্রগামি ছিল
১৯ কিন্তু য়িহুহা ছিলেন আমার রক্ষ। তিনি ও আনিলেন
২০ আমাকে এক প্রসস্ত জায়গায় তিনি ত্রাণ করিলেন
আমাকে কেননা তাহার সন্তোষ আমাতে। য়িহুহা
আমার ফলোদয় দিলেন আমার ধর্ম্মানুসারে আমার
হাতের নির্ম্মাল্যতানুসারে প্রতিফল দিলেন আমাকে।
২১ কেননা আমি মানিয়াছি য়িহুহার পথ এবং
দুর্ম্মতি হইয়া ত্যাগ করিলাম না আমার ঈশ্বরকে।
২২ তাহার সকল আজ্ঞা ও আমার গোচরে তাহার বিধি
২৩ দুর করিলাম না আমা হইতে। আমি ও সাধু
ছিলাম তাহার গোচরে ও আপনার অযথার্থ হইতে
২৪ আপনাকে রাখিলাম। অতএব যেমন আমার ধর্ম্ম
তেমন য়িহুহা প্রতিফল দিয়াছেন আমাকে আমার
হাতের নির্ম্মাল্যতানুযায়ি যাহা তাহার গোচরে।
২৫ দয়ালুর দিগে আপনি দয়ালু দেখাইবেন সাধুর প্রতি
২৬ আপনি প্রকাশ হইবেন সাধু নির্ম্মলের প্রতি আপনি
দেখাইবেন নির্ম্মাল্যতা ও গোঁয়ারের প্রতি আপনি
২৭ দেখাইবেন গোঁয়ার। কেননা তুমি ত্রাণ করিবা দুঃখিত
২৮ লোককে কিন্তু অল্পতা করাইবা অহঙ্কার দর্শন। তুমি
ও জ্বলাইবা আমার প্রদীপ য়িহুহা আমার ঈশ্বর
২৯ দীপ্তি করাইবেন আমার অন্ধকার। কেননা তোমার
করনক আমি সৈন্যগনের মধ্যে দিয়া দৌড়িয়াছি
আমার ঈশ্বর করনক লাফ দিয়া দেয়াল পার হইয়াছি।
৩০ কিন্তু ঈশ্বর তাহার পথ শুদ্ধ য়িহুহার কথার

পার্থ হইয়াছে তিনি সে সকলের ঢাল যে বিশ্বাস করে
৩১ তাহার ওপর। যিহুহা ব্যতিরেক ঈশ্বর কে আমার
৩২ দের ঈশ্বর ছাড়া পর্ব্বত কেডা। ঈশ্বর আমার কোমর
৩৩ বলে বান্ধেন তিনি সোজা করেন আমার পথ। যেমন
হরিনের পা তেমন করেন আমার এবং স্থিতি করান
৩৪ আমাকে আমার ওচ্চ স্থানে। তিনি আমার হাত
রন করিতে শিক্ষান যেন ইস্পাতের ধনুক ভাঙ্গিয়া যায়
৩৫ আমার ভুজে। তোমার ত্রান ঢাল ও দিয়াছ
আমাকে ও তোমার দক্ষিন হাত ধরিয়া রাখিয়াছে
আমাকে তোমার নম্রতা ও বড় করাইয়াছে আমাকে।
৩৬ তুমি বাড়াইয়াছ আমার গমন আমার নিচে তাহাতে
৩৭ আমার পা পিছলিয়া পড়িল না। আমি আমার শত্রু
গনকে পিছিয়া ধরিলাম আমি তাহারদিগকে
৩৮ সংহার না করিয়া ফিরিলাম না আমি মারিলাম
তাহারদিগকে যেন ওঠিতে পারিল না তাহারা পড়ি
৩৯ য়াছে আমার পদতলে। তুমি বলে আমার কোমর
বন্ধিয়াছ রন করনার্থে আমার বৈরিরদিগে জয়
৪০ করিয়াছ আমার নিচে। আমাকে দিয়াছ আমার
শত্রুরদের গলা তাহারদিগকে সংহার করিতে
৪১ যাহারা ঘৃনা করে আমাকে। তাহারা চেঁচাইল কিন্তু
ত্রান করিতে কেহ ছিল নহে যিহুহার ঠাঁই বটে কিন্তু
৪২ তিনি ওত্তর দিলেন না। তখন আমি বাতাসের মুখে
ধুলাবৎ চূর্ন করিলাম তাহারদিগকে আমি বাহির
৪৩ করিলাম তাহারদিগকে যেমন গলির কাদা। তুমি
পরিত্রান করিয়াছ আমাকে লোকের বিরোধ হইতে

## ১৮ অষ্টদশম গীত।

ও করিয়াছ আমাকে অন্য বর্নের প্রধান এক বর্ন
যাহা আমি জানিলাম না আমার সেবা করিবে।
৪৪ তাহারা আমার বিষয় শুনিবা মাত্র আমার আজ্ঞা
বর্তি হইবে অন্য দেশীরা আমার বাৎসল্য হইবে।
৪৫ বিদেশীরা মলিন হইবে ও তাহারদের গুপ্ত স্থানে ভয়
৪৬ করিবে। যিহুহা জীবত্ত আছেন ধন্য আমার
৪৭ পর্ব্বত আমার ত্রানের ঈশ্বর সম্ভ্রান্ত হওন। ঈশ্বর
আমার দায়া করেন ও লোককে পরাজয় করেন
৪৮ আমার নিচে। তিনি পরিত্রান করেন আমাকে
আমার শত্রু হইতে বটে আমার শত্রুরদিগ হইতে ওষ্ঠ
ওঠাইয়াছ আমাকে তুমি ত্রান করিয়াছ আমাকে
৪৯ দৌরাত্ম হইতে। তেকারন হে যিহুহা আমি শোকর
করিব তোমার ঠাই বর্নেরদের মধ্যে এবং স্তব গাইব
৫০ তোমার নামে। তিনি বড় ত্রান করেন তাহার
রাজাকে ও কৃপা করেন তাহার অভিষিক্তকে দাঊদ
ও তাহার সন্তান সদাকাল।

## দাঊদের এক গীত জয়াকে।

গীত — স্বর্গ প্রকাশ করে ঈশ্বরের তেজ আকাশ দেখায়
১৯ তাহার হস্তকৃত ক্রিয়া দিন কথা কহে দিনকে রাত্র
জ্ঞান প্রকাশ করে রাত্রকে। কোন কথা কি ভাষা নহে
৪ যেখানে তাহারদের বর শুনা যায় না তাহারদের
দড়ি গিয়াছে সকল পৃথিবীতে ও তাহারদের কথা
সংসারের অন্তে তাহারদের মধ্যে তিনি রাখিয়া
৫ ছেন সুর্য্যের এক তাম্বু তাহা বরের মত যে বাহিরে

কুটরি হইতে যেমন বলবান মানুষ পথে দৌড়নেতে
৬ সেমত আনন্দ করে। তাহার যাত্রা স্বর্গের এক দিগ
হইতে তাহার ফিরন অন্য দিগ পর্য্যন্ত তাহার তাপ
৭ হইতে কিছু গুপ্ত নহে। য়িহুহার ব্যবস্থা শুদ্ধ
ও মন ফিরক য়িহুহার সাক্ষী কথা বিশ্বাস্য ও অজ্ঞান
৮ লোককে জ্ঞান দায়ক য়িহুহার বিধি পুকৃত
অন্তঃকরনে আনন্দক য়িহুহার আজ্ঞা নির্ম্মল
৯ ও চক্ষুর দিপ্তি কারক য়িহুহার ভয় নির্ম্মল ও সদাকাল
থাকে য়িহুহার ব্যবস্থা সত্য ও ষোলয়ানা পুকৃত।
১০ সোনা ও অতি নির্ভাজ সোনা হইতে বিলক্ষন মধু
১১ ও মধু চাক হইতে মিষ্ট। তাহা করিতেং তোমার
দাস উপদিষ্ট হয় ও তাহার মাননেতে বড় প্রাপ্তি
১২ আছে। কেডা বুঝিতে পারে আপনার চুক
পরিস্কার কর আমাকে আমার গুপ্ত ঘাইট হইতে।
১৩ তোমার দাস ও রক্ষ কর নির্ভয় পাপ হইতে যেন
তাহা কর্তৃত্ব করিতে পায় না আমার উপর তা
হইলে আমি হইব সাধু আমি ও হইব নির্ম্মল মহা
১৪ পাপ হইতে। আমার মুখের কথা ও অন্তঃকরনের
চিন্তা গ্রাহ্য হওক তোমার গোচরে হে য়িহুহা আমার
বল ও আমার মুক্তিদ।

জয়ীকে দাঊদের এক গীত।

গীত ২০ য়িহুহা শুনুন তোমাকে বিদসা দিনে যাঁকুবের
ঈশ্বরের নাম রক্ষ করুক তোমাকে উপকার পাঠাইয়া
দিওন তাহার ধর্ম্ম স্থান হইতে ও রক্ষা করুন তো
৩ মাকে চীয়ন হইতে মনে করুন তোমার সকল দান

## ২০ বিংশতি গীত।

৪ ও পোড়াওন তোমার আহুতি। সেলা। দিওন তোমার
অন্তঃকরনের ইচ্ছানুসারে তোমাকে ও পুর্ন করুন
৫ তোমার মনরথ। আমরা জয় জয়কার করিব তোমার
ত্রানে আমারদের ঈশ্বরের নামে ধ্বজ ওঠাইব। য়িহুহা
৬ করিবেন তোমার সকল কামনানুযায়ি। এখন
আমি জানি যে য়িহুহা ত্রান করেন তাহার
অভিষিক্তকে এবং আপনার ধর্ম্মের স্বর্গে থাকিয়া
শুনিবেন তাহাকে তাহার দক্ষিন হাতের তারক
৭ বলেতে। ইহারা রথে ওহারা অশ্বে কিন্তু আমরা
৮ মনে করিব আমারদের ঈশ্বর য়িহুহার নাম। ওহারা
ভুমিষ্ঠ হইয়া পড়িয়াছে কিন্তু আমরা ওঠিয়া খাড়া
৯ দাণ্ডাই। নিস্তার করহে য়িহুহা আমারদের
ডেঁচান দিনে রাজা শুনুন আমারদিগকে।

## দাঁওদের এক গীত জয়ীকে।

গীত ২১ হে য়িহুহা তোমার পরাক্রমে রাজা হরিষ হইবে
তোমার ত্রানে কেমন অতি ওল্লাষিত হইবে। তুমি
দিয়াছ তাহাকে তাহার অন্তঃকরনের ইচ্ছা যাহা বাহি
রিলু তাহার ওষ্ঠাধির দিয়া তাহা নিশেধি না করিয়াছ।
৩ সেলা তুমি আগে হইয়া দিয়াছ তাহাকে তোমার
ভাগ্যের বর নির্ভাঁজ সোনার মুকুট দিয়াছ তাহার
৪ মাথায়। তিনি আয়ু চাহিলে তোমা হইতে এবং তুমি
৫ দিয়াছ তাহাকে দীর্ঘায়ু সদাসর্ব্বস্থনেই। তোমার
ত্রানে তাহার বড় তেজ তুমি সম্ভ্রম ও সুরূপ দিয়াছ
৬ তাহাকে। কেননা নিত্য মহাবর দিয়াছ তাহাকে

তোমার মুখের আনন্দে আনন্দিত করাইয়াছ তাহাকে।
৭ রাজা ভরসা পায় য়িহুহায় ও সর্ব্বাধিক্ষের দয়াতে
৮ তিনি নড়িবেন না। তোমার হাত পাইবে তোমার
সকল শত্রুরদিগকে তোমার দক্ষিন হাত পাইবে
৯ তাহারদিগকে যে ঘৃনা করে তোমাকে। তুমি করিবা
তাহারদিগকে অগ্নীয় তনুরের ন্যায় তোমার প্রকাশ
কালে য়িহুহা তাহার ক্রোধে গ্রাস করিবেন তাহার
দিগকে এবং অগ্নিতে খাইয়া ফেলিবে তাহারদিগকে।
১০ তুমি নষ্ট করিবা তাহারদের ফল দেশ হইতে ও তাহার
১১ দের বংশ মানুষের সন্তান হইতে। কেননা তাহারা
মন্দ ঠাওরাইয়াছে তোমার বিষয় তাহারা মনে করি
১২ য়াছে হিংসা যাহা পূর্ণ করিতে পারে না। অতএব
থুইবা তাহারদের স্কন্ধে যখন তুমি প্রস্তুত করিবা
১৩ তোমার বিনুগুনের ওপর তাহারদের গোচরে। হে
য়িহুহা আপনার বলে সম্ভ্রান্ত হও তাহাতে আমরা
গীত গাইব ও তোমার স্তব করিব।

দাওদের এক গীত অরুনর হরিনের বিষয়।

গীত ২২
হে আমার ঈশ্বর আমার ঈশ্বর কেন ত্যাগ করি
য়াছ আমাকে আমার ত্রাণ ও আমার চেঁচান শব্দ
২ হইতে অতি দূর কেন। হে আমার ঈশ্বর আমি
দিনে ডাকি কিন্তু তুমি শুনিতেছ না রাত্রে
৩ ও আমি নিঃশব্দ থাকি না। কিন্তু হে য়িশরায়েলের
৪ স্তবাধিকারী তুমি ধর্ম্ম। আমারদের পিতৃগন
ভরসা পাইল তোমাতে তাহারা ভরসা পাইল তুমি

৫ পরিত্রাণ করিয়াছ তাহারদিগকে। তাহারা তোমার
কাছে প্রার্থনা করিয়া আপদ ছাড়িল তাহারা তোমার
৬ উপর বিশ্বাস করিয়া লজ্জিত ছিল না। কিন্তু আমি কীট
আমি মানুষ নাহি মানুষের নিন্দিত এবং লোকের
৭ তুচ্ছিত। যাহারা দেখে আমাকে সে সকল পরিহাস
করে আমার উপর তাহারা ওষ্ঠাধর বাহিরে ও মাথা
৮ নোয়ায়। সে বিশ্বাস করিল যিহুহার যে তিনি পরি
ত্রাণ করিবেন তাহাকে তিনি সন্তোষ পাইলেন অতএব
৯ নিস্তার করুন তাহাকে। তুমি গর্ভ হইতে লইয়াছ
আমাকে তুমি আমার বিশ্বাস স্থাপক আমার মাতার
১০ স্তনস্থ হইয়া। তোমার উপর পড়িলাম গর্ভ হইতে
তুমি আমার ঈশ্বর মাতার উদরস্থ হওনাবধি।
১১ বিপদ নিকট আছে সেকারণ দূর হইও না আমা
১২ হইতে কেননা উপকারি নাহি। অনেক গরু বেড়িল
১৩ আমাকে বশানের বলবান আড়িয়া আমার চতুর্দ্দিগে
তাহারা মুখ মেলিয়াছে আমার উপর যেন দুরন্ত ও
১৪ শাব্দিক সিংহ। আমি ঢালা পড়িলাম জলের মত
আমার সকল অস্থি খসিয়া গেল আমার হৃদয়
মোমের মত তাহা গোলিয়া গেল আমার উদরে।
১৫ আমার বল শুষ্কিয়া গিয়াছে খোলার ন্যায় আমার
জিহ্বা তালুয় লাগে আমার মুখে তুমি মৃত্যুর
১৬ ধুলায় আনিয়াছ আমাকে। অনেক কুকুর বেড়ে
আমাকে দুষ্টেরদের ভিড় আমার চতুর্দ্দিগে তাহারা
১৭ বিন্ধিল আমার হাত ও আমার পা। আমার সকল

অস্থি গননা করিতে পারি তাহারা দৃষ্টি করে ও বিস্ময়
১৮ দেখে আমার উপরে । তাহারা আপন২ মধ্যে ভাগ
করিল আমার বস্ত্র এবং গুলিবাঁট করিল আমার
১৯ পরিচ্ছদের কারন । হে য়িহুহা তুমি দূর হইও না
আমা হইতে হে আমার বল শীঘ্র আইসহ
২০ আমার উপকার করিতে রক্ষ কর আমার প্রান
তলোয়ার হইতে আমার প্রিয়বাস্থা কুক্কুরের পরাক্রম
২১ হইতে । সিংহের মুখ হইতে রক্ষা কর আমাকে
তুমি উত্তর দিয়াছ আমাকে গণ্ডারের শৃঙ্গ হইতে ।
২২ আমি কহিব তোমার নাম আমার ভ্রাতারদের
২৩ মধ্যে সভার মধ্যে তোমার প্রসংশা করব । হে
তোমরা যে ভয় কর য়িহুহাকে তাহার স্তব কর
হে যাঁকুবের সন্তান তাহার স্তুত কর ভীত হও
তাহার সাক্ষাত হে য়িশরালের সকল বংশ ।
২৪ কেননা তিনি তুচ্ছ ও ঘৃনা করিলেন না দুঃখিত
লোকের দুঃখ এবং মুখ গুপ্ত না রাখিয়াছেন
তাহা হইতে যখন চেঁচায় তখন তাহাকে শুনেন ।
২৫ তোমার প্রসংশা করিব বড় সভার মধ্যে যাহারা
ভয় করে তাঁহাকে তাহারদের গোচরে আমার মানন
২৬ দিব । মৃদুরা খাইয়া পরিতোষ হইবে যাহারা চেষ্টা
করে য়িহুহাকে তাহারা স্তব করিবে তোমারদের
২৭ অন্তঃকরন সদাকাল জীবত হইবে । পৃথিবীর
সকল সীমান্ত মনে পাইয়া ফিরিবে য়িহুহার কাছে
বর্নেরদের সকল বংশ প্রনাম করিবে তাহার
২৮ সাক্ষাত । কেননা রাজ্য য়িহুহার তিনি কর্তৃত্ব

২৯ করেন বর্ব্বরদের মধ্যে।। পৃথিবীতে যাহারদের পুষ্কাও
কায় তাহারা সকল। খাইয়া পূজা করিবে যাহারা
ধূলায় নামে তাহারা সকল প্রনাম করিবে তাহার
গোচরেও কেহ আপনার প্রাণ জীবাইতে পারে না।
৩০ এক বংশ তাহার সেবা করিবে তাহারা এক পুরুষ
৩১ বিখ্যাৎ হইবে যিহুহার কাছে। তাহারা আসিয়া
কহিবে তাহার পুরুষার্থ ভবিষ্যৎ জাত লোকেরদের
ঠাঁই। কেননা তিনি তাহা করিয়াছেন।

দাউদের গীত।

গীত
২৩ যিহুহা আছেন আমার রক্ষক আমার কিছু কমি
হইবে না তিনি তৃণযুক্ত মাঠে শোয়ান আমাকে ও
স্থির জলের নিকট চরান আমাকে তিনি সুস্থ
৩ করেন আমার প্রাণ এবং ধর্ম্ম পথে চলান আমাকে
৪ আপনার নামার্থে আমি যখন যাই মৃত্যুর ছায়া
প্রান্তরে তখনই আপদ ভয় করিব না কেননা তুমি
আমার সহিত তোমার দণ্ড এবং তোমার আশাবাড়ী
৫ শান্তনা করে আমাকে। তুমি মেজ সাজাইয়াছ
আমার সম্মুখে আমার শত্রুরদের দৃষ্টে তুমি তৈল
মাখাইয়াছ আমার মস্তক আমার বাটী পূর্ণিত
৬ আছে। অবশ্য অনুগ্রহ ও দয়া আমার পাছে
যাইবে আমার সকল পরমায়ু। আমি ও সদাকাল
বাস করিব যিহুহার ঘরে।

দাওদের এক গীত।

গীত ২৪ পৃথিবী ও তাহার সম্পত্ত্য য়িহ্বহার সংসার
ও তাহারদিগিকে যাহারা বসতি করে তাহাতে
২ তিনি করিয়াছেন তাহার ভীত সমুদ্রের ওপর ও
৩ তাহা স্থির করিয়াছেন বন্যার ওপর। কেডা
যাইবে য়িহ্বহার পর্ব্বতের ওপর কেডা দাণ্ডাইতে
৪ পাইবে তাহার ধৰ্ম্ম স্থানে যাহার হাত নির্ম্মল
৫ ও অন্তঃকরন পরিস্কার যে মন না ওঠাইয়াছে শূন্যতায়
ও যে ফাকি করিয়া কিরা না করিয়াছে সে জন বর
পাইবে য়িহ্বহা হইতে ও ধৰ্ম্ম তাহার ত্রানের ঈশ্বর
৬ হইতে। এ তাহারদের গোষ্ঠী যে চেষ্টা করে তাহাকে
৭ যে চেষ্টা করে তোমার মুখ ও যাকুবরে। সেলা। হে দ্বার
ওঠাও তাহারদের মাথা হে অক্ষয় দ্বার ওত্থান হও
এবং ঐশ্বর্য্যমান রাজা পুবেশ করিবেন। এ
৮ ঐশ্বর্য্যমান রাজা কেডা য়িহ্বহা শক্তি ও পরাক্রান্ত
৯ য়িহ্বহা রনে বলবান। হে দ্বার ওঠাও তোমারদের
মাথা হে তোমরা অক্ষয় দ্বার ওত্থান হও এবং
১০ ঐশ্বর্য্যমান রাজা পুবেশ করিবেন। এ ঐশ্বর্য্যমান
রাজা কেডা। সৈন্যের য়িহ্বহা তিনি ঐশ্বর্য্যমান
রাজা। সেলা।

দাওদের গীত।

গীত ২৫ হে য়িহ্বহা তোমারদিগে আমি ওঠাই আমার মন
হে আমার ঈশ্বর আমার ভরসা তোমাতে লজ্জা
পাইতে দিও না আমার শত্রু যেন দর্প না হয় আমার

## ২৫ পঞ্চবিংশতীয় গীত।

৩ [illegible]র যাহারা অপিক্ষা করে তোমারাথে তাহারা যেন
লজ্জিত না হয় যাহারা অকারন পাপ করে তাহারদের
৪ লজ্জা হওক। হে য়িহ্বহা তোমার পথ জানাও আমাকে
৫ তোমার পথে চলন শিক্ষাও আমাকে গমন করাও
আমাকে তোমার সত্যতায় এবং শিক্ষাও আমাকে
কেননা তুমি আমার ত্রানের ঈশ্বর সমস্ত দিন
৬ আমি অপিক্ষ করিয়াছি তোমার কারনে। হে
য়িহ্বহা মনে কর তোমার দয়া ও স্নেহ কেননা তাহা
৭ পূর্বকালাবধি আমার যুবাবস্থার পাপ ও আমার
দোষ মনে রাখিও না হে য়িহ্বহা তোমার অনুগ্রহ
পূর্বক মনে কর আমাকে তোমার কৃপানুযায়ি
৮ আপনার অনুগ্রহার্থে। য়িহ্বহা অনুগ্রহ ও প্রকৃতার্থিক
সেকারন পাপি লোককে শিক্ষাইবেন তাহার পথে।
৯ নম্র লোককে বিচারে পথ দেখাইবেন. নম্র লোককে
১০ শিক্ষাইবেন তাহার পথ য়িহ্বহার সকল গমন
দয়া ও সত্যতা তাহারদিগকে যাহারা মানে তাহার
১১ বন্দোবস্ত ও তাহার সাক্ষী কথা। হে য়িহ্বহা তোমার
নামেরাথে মাফ কর আমার পাপ কেননা তাহা বড়।
১২ সে কোন জন যে ভয় করে য়িহ্বহাকে তাহাকে
শিক্ষা করাইবেন সে পথে যাহা পশন্দ করিবে।
১৩ তাহার প্রান নির্ভয়ে বাস করিবে তাহার
১৪ সন্তান দেশ অধিকার পাইবে। য়িহ্বহার গুপ্ত কথা
তাহারদের সহিত যাহারা ভয় করে তাহাকে তিনি
১৫ দেখাইবেন আপনার বন্দোবস্ত তাহারদিগকে। আমার
চক্ষু নিত্য য়িহ্বহারদিগে কেননা তিনি মুক্ত করিবেন

১৬ আমার পাপ জ্ঞান হইতে। দৃষ্টি করিয়া দয়া কর
আমাকে কেননা আমি অনাথ ও দুঃখিত।
১৭ আমার অন্তঃকরণের দুঃখ বাড়িয়াছে মুক্ত কর
১৮ আমার প্রাণ দুর্গতি হইতে। দেখ আমার দুঃখ ও
১৯ যন্ত্রণা ও মাফ কর আমার সকল পাপ। মনে
কর আমার শত্রুরদিগকে কেননা তাহারা অনেক
২০ তাহারা নির্দয় ঘৃণা করে আমাকে। রক্ষা কর আমার
প্রাণ ও নিস্তার কর আমাকে আমাকে লজ্জিত
২১ হইতে দেও না কেননা ভরসা পাই তোমাতে। সাধুতা
ও প্রকৃতার্থ রক্ষা করুক আমাকে কেননা ভরসা
২২ পাইয়াছি তোমাতে। হে ঈশ্বর মুক্ত কর য়িশ্রায়েলকে
তাহার সকল দুঃস্থ হইতে।

দাঊদের গীত।

গীত হে য়িহুহা আমার বিচার কর কেননা চলিয়াছি
২৬ আমার সিদ্ধতায় আমি বিশ্বাস করিয়াছি য়িহুহায়
আমি পিছুির না। হে য়িহুহা তজবিজ কর আমাকে
২ ও আমার পরিক্ষা লও পরখাও আমার গিলা
৩ ও আমার অন্তঃকরণ। কেননা তোমার স্নেহ
আমার বর্তমান আমি ও চলিয়াছি তোমার সত্যতায়।
৪ আমি না বসিয়াছি শূন্য লোকেরদের সহিত আমি
৫ প্রবেশ করিব না কাল্পনিকেরদের সহিত। আমি ঘৃণা
করিয়াছি কুকর্তারদের সভা আমি ও বসিব না
৬ কাপুরুষের সহিত। আমি হাত ধুইব নিরপরাধেতে
সেমতে আমি বেড়িব তোমার যজ্ঞকুণ্ড হে
৭ য়িহুহা যেন স্বীকার রবে প্রকাশ করিতে থারি

ও যেন তোমার সকল আশ্চর্য্য কার্য্য কহিতে পারি ।
৮ হে যিহুহা আমি প্রেম করিয়াছি তোমার বসতি গৃহ
৯ এবং তোমার সম্ভ্রমের তাম্বুর স্থান । আমার আত্মা
পাপী লোকেরদের সহিত করিও না ও আমার জীবন
১০ খুনি লোকের সহিত নহে । যাহারদের হাতে
হিংসা এবং তাহারদের দক্ষিণ হাত ঘুস পূর্ণ ।
১১ কিন্তু আমি চলিব আমার শুদ্ধতায় মুক্ত কর এবং
১২ দয়া কর আমাকে । আমার পদ দাণ্ডাইতেছে
সভার সমান স্থানে যিহুহার নাম করিব ।—

## দাঙদের গীত ।—

গীত ২৭ যিহুহা আছেন আমার দীপ্তি ও আমার ত্রাণ
কাহাকে ভয় করিব যিহুহা আমার জীবনের বল
২ কাহাকে ভয় করিব । কাপুরুষ তাহাই আমার
ঘোরকর্ত্তা ও শত্রু যখন আমার নিকট আইল আমার
মাংশ খাওনার্থে তখন তাহারদের পা লাগিল
৩ ও তাহারা পড়িল । যদি সেনাগণ চৌল ফেলে
আমার সন্মুখে আমার অন্তঃকরণ ভয় করিবে না
যদি সংগ্রাম আমার সহিত হয় তবে ইহাতে বিশ্বাস
৪ পাই । এক নিবেদন করিয়াছি যিহুহার ঠাঁই ইহা
চেষ্টা করিব যিহুহার ঘরে বাস করন আমার সকল
আয়ু দেখিতে যিহুহার সৌন্দর্য্য এবং জিজ্ঞাসা
৫ করিতে তাহার মন্দিরকে । তিনি লুকাইবেন আমাকে
তাহার টৌলে বিপদের কালে তিনি গুপ্ত করাইবেন
আমাকে আপনার তাম্বুর গোপনীয় স্থানে তিনি পর্ব্বতে

## ২৭ সপ্তবিংশতীয় গীত।

৬ স্থিতি করিবেন আমাকে। এখন ও আমার মাথা
করাইবেন আমার চতুর্দ্দিগে শত্রু হইতে উর্দ্ধ। আমি
আনন্দ ও ধন্যবাদ করব তাহাকে পবিত্র তাম্বুতে আমি
৭ গাইব আমি সুন্দর গাইব য়িহহার কাছে। আমি
ডাকি শুন আমার রব হে য়িহহা দয়া কর আমাকে
৮ ও শুন আমার কথা। আমার অন্তঃকরণ বলিল
তোমাকে চেষ্টা কর আমার মুখ হে য়িহহা তোমার
৯ মুখ চেষ্টা করিব। গুপ্ত রাখিও না তোমার মুখ
আমা হইতে ক্রোধে ত্যাগ কর না তোমার দাসকে
তুমি ছিলা আমার উপকারি ত্যাগ করিও না আমাকে
ছাড়িয়া দিও না আমাকে হে আমার ত্রাণের ঈশ্বর।
১০ আমার পিতা মাতা আমাকে ত্যাগ করিলে য়িহহা লন
১১ আমাকে। হে য়িহহা শিক্ষাও আমাকে তোমার পথ
১২ সোজা পথ দেখাও আমাকে আমার শত্রুরদের
হেতু আমাকে দেহ না আমার শত্রুর ইচ্ছায় কেননা
মিথ্যা সাক্ষী ও নির্দ্দয়নিশ্বাস লোক উঠিয়াছে
১৩ আমার উপর যদি আস্থা না করিতাম য়িহহার
১৪ অনুগ্রহ দেখিতে জীবতের দেশে তবে ম্লান হইতাম।
অপেক্ষা কর য়িহহার কারণ বলবান হও এবং তিনি
শক্তি করাইবেন তোমারদের অন্তঃকরণ অতএব
য়িহহার কারণ অপেক্ষা কর।

## দাউদের গীত।

গীত
২৮ হে য়িহহা আমার পর্ব্বত আমি চেঁচাইয়া বলি চুপ
করিও না আমার ঠাঁই তুমি আমার কাঁছে চুপ করিলে

আমি হইব তাহারদের মত যাহারা গভীরে নামে।
২ যখন আমি চেঁচাই তোমার কাছে যখন হাত বাড়াই
তোমার পবিত্র স্থানেরদিগে তখন শুন আমার কাযনার
৩ রব। আমাকে টানিয়া লইও না পাপির লোকের সহিত
এবং কুকর্ত্তারদের সহিত নহে যাহারা কুশল কথা
কহে তাহারদের প্রতিবাসিরদের সহিত কিন্তু অন্তঃ
৪ করনে দুষ্টতা আছে। তাহারদিগকে দেও তাহারদের
ক্রিয়া ও কুযত্নানুযায়ি দেও তাহারদিগকে তাহারদের
৫ হাতেরক্রিয়ার মত তাহারদের ফলোদয় দেও কেননা
তাহারা মানে না য়িহুহার কার্য্য ও তাহার হাতের
ক্রিয়া সে কারন তিনি বিনাশ করিবেন ও গাঁথিবেন
৬ না তাহারদিগকে। ধন্য য়িহুহা কেননা শুনিয়া
৭ ছেন আমার কাযনা রব। য়িহুহা আমার বল ও
আমার ঢাল আমার অন্তঃকরনের ভরসা তাহায়
অতএব আমি উপকার পাইয়াছি সে কারন আমার
মনে হরিষ হইব আমি তাহার প্রশংসা করিব
৮ আমার গীতে। য়িহুহা তাহারদের বল ও তাহার
৯ অভিষিক্তের তারক বল। পরিত্রান কর তোমার
লোককে ও আশীর্ব্বাদ দেও তোমার অধিকারকে
পালন কর এবং উঠাও তাহারদিগকে সদাকালে।—

দাওদের গীত।—

বাহ্য মোষোৎসর্গ দেও য়িহুহাকে য়িহুহাকে দেহ
তেজ এবং বলের প্রশংসা। য়িহুহাকে দেও তাহার না
মের উপযুক্ত সম্ভ্রম ধর্ম্মের সৌন্দর্য্যতে য়িহুহার ভজনা

৩ কর। য়িহুহার শব্দ জলের ওপর ঐশ্বর্য্যমান প্রভু
৪ মেঘের গর্জ্জন করান য়িহুহা অনেক জলের ওপর।
৫ য়িহুহার শব্দ পরাক্রান্ত য়িহুহার রব রাজলক্ষন পূর্ণ
আছে। য়িহুহার রব ভাঙ্গে আরজ বৃক্ষ য়িহুহা
৬ ভাঙ্গেন লবাননের আরজ বৃক্ষ। তিনি লাফ দেয়ান
তাহারদিগকে বাছুরের মত লবানন ও শরিয়ন
৭ যেমন গাণ্ডারের বাছা। য়িহুহার রব ভিন্ন২ করে
৮ অগ্নির শিখা। য়িহুহার রব কানন কম্পবান করায়
৯ য়িহুহা কম্পবান করান কদেশের বন। য়িহুহার
রব হরিণী প্রসব করায় ও বন ওদলা করে এবং
তাহার মন্দিরে তাহার সকল বৈভব কহা যায়।
১০ য়িহুহা বসেন বর্ন্যার ওপর বাটে য়িহুহা ও রাজা
১১ বসেন সদাকালে। য়িহুহা বল দিবেন তাহার
লোককে য়িহুহা অরণ বর দিবেন আপনার
লোককে।

এক গীত যাহা গাইয়াছিল মন্দিরের প্রতিষ্ঠার সময়।

গীত ৩০ আমি সম্ভ্রম করিব তোমাকে হে য়িহুহা কেননা ওঠাই
য়াছ আমাকে ও আমার শত্রুরদিগকে আনন্দ করিতে
২ না দিয়াছ আমার ওপর। হে য়িহুহা আমার ঈশ্বর
আমি চেঁচাইয়াছি তোমার কাছে তুমি সুস্থ করিয়াছ
৩ আমাকে। হে য়িহুহা তুমি ওঠাইয়াছ আমার প্রাণ
গভীর হইতে তুমি বাঁচাইয়া রাখিয়াছ আমাকে
৪ যাদে না নামনার্থে। হে য়িহুহার পুন্যবান গীত গাও
তাহার কাছে ও তাহার ধর্ম্ম মনে করিয়া স্তুতি কর।

কেননা তাহার ক্রোধি এক নিমিস্ম মাত্র তাহার অনুগ্র
হেতে জীবন ক্রন্দন এক রাত্রি হইতে পারে প্রাতে
৬ আনন্দ আইসে। আমি ও কুশলে হইয়া বলিলাম যে
৭ আমি কোন কালে নড়িব না হে যিহুহা তুমি অনুগ্রহ
করিয়া এমন শক্ত করিয়াছিলা আমার পর্ব্বত। তুমি
৮ মুখ লুকাইলে আমি ভয়ার্থ ছিলাম। হে যিহুহা
আমি নিবেদন করিব তোমার স্থানে আমি কামনা
৯ করিব যিহুহার কাছে। আমার রক্তে কি লভ্য যদি
আমি পড়ি ধূলা কি স্তব করিবে তোমাকে তাহা
১০ কি প্রকাশ করিবে তোমার সত্যতা। হে যিহুহা
অবধান করিয়া দয়া কর আমাকে হে যিহুহা
১১ আমার উপকারি হও। তুমি বদল করিয়াছ আমার
রোদন বাদ্যতে তুমি খুলিয়াছ আমার চট ও
১২ আমার কমরে আনন্দ বন্ধিয়াছ তাহাতে আমার
তেজ স্তুতি গাইবে তোমার কাছে এবং চুপ করিবে
না। হে যিহুহা আমার ঈশ্বর আমি সদাকাল
তোমার স্তব করিব।

দাওদের গীত জয়ীকে।

গীত ৩১ হে যিহুহা তোমাতে আমার ভরসা লজ্জিত হইতে
দিও না আমাকে কোন কালে তোমার ধর্ম্মে পরিত্রান
২ কর আমাকে। অবধান কর আমার কথা শীঘ্র মুক্ত
কর আমাকে আমার নিমিত্তক শক্ত পর্ব্বত হও ও
৩ আমার রক্ষা করনের আশ্রয় তুমি আমার পর্ব্বত ও
আমার গড় অতএব তোমার নামেরার্থে গমন করাও
৪ ও প্রতিপালন কর আমাকে। যে জাল তাহারা গুপ্ত

রাখিয়াছে আমার বিরনাথে তাহা হইতে বাহির কর
৫ আমাকে কেননা তুমি আমার বল । আমার আত্মা
দেই তোমার হাতেতে তুমি মুক্ত করিয়াছ আমাকে
৬ হে যিহুহা সত্যতার প্রভু । আমি ঘৃণা করিয়াছি
তাহারদিগকে যাহারা মানে বৃথা শূন্যতা ও
৭ ভরসা পাইয়াছি যিহুহায় । আমি উল্লাস ও আনন্দ
করিব তোমার দয়ায় কেননা তুমি দেখিয়াছ আমার
৮ দুঃখ তুমি জানিয়াছ আমার প্রাণ বিপদসা কালে ও
আমার শত্রুরদের হাতে না রুদ্ধ করিয়াছ আমাকে ।
৯ আমার পা স্থিতি করিয়াছ ওসার জায়গায় হে
যিহুহা দয়া কর আমাকে কেননা দুর্গতিতে আছি
শোকেতে আমার চক্ষু খাইয়া গিয়াছে আমার
১০ আত্মা ও আমার পেট ও সে মত । শোকেতে আমার
প্রাণ যায় ও কোঁকাইতে২ আমার পুরায়ু যায় পাপের
কারণ আমার বল ক্ষয় হইয়াছে এবং আমার হাড়
১১ খাইয়া গেল । আমি ছিলাম নিন্দিত আমার সকল
শত্রুরদের মধ্যে বরং আমার প্রতিবাসিরদের ঠাঁই
যাহারা চিনিল আমাকে তাহারদের ভয় । যাহারা
বাহিরে দেখিল আমাকে তাহারা দূরে গেল আমা
১২ হইতে । অন্তঃকরণে বিস্মৃত ছিলাম মরার মত
১৩ আমি নষ্ট পাত্রের মত । আমি ও শুনিয়াছি অনেক
লোকের বিদ্রূপ চতুর্দ্দিগে ভয় যাবৎ তাহারা
পরামর্শ করিতেছিল আমার বিষয় তাহারা যুক্তি
১৪ করিল আমার প্রাণ লইতে । কিন্তু হে যিহুহা
আমার ভরসা তোমায় আমি কহিয়াছি তুমি আমার

## ৩১ একত্রিংশতীয় গীত।

১৫ ঈশ্বর। আমার কাল তোমারি হাতে ত্রান কর
১৬ আমাকে আমার শত্রু ও বিপক্ষ হইতে। তোমার
মুখ প্রসন্ন করাও তোমার দাসের ঠাঁই কৃপা করিয়া
১৭ ত্রান কর আমাকে হে যিহুহা লজ্জিত হইতে দেও
না আমাকে কেননা নিবেদন করিয়াছ তোমার স্থানে
দুষ্টেরা লজ্জিত হউক এবং গভীরে চুপ থাকুক।
১৮ মিথ্যা ওষ্ঠাধর চুপ করিয়া থাকুক যাহারা ভুক্ত ও
১৯ অহঙ্কীর কহে পুন্যেরদের বিপরিতে। তোমার কত বড়
দয়া রাখিয়াছ তাহারদের কারন যে ভয় করে
তোমাকে যাহা প্রস্তুত করিয়াছ তাহারদের কারন যে
২০ ভরসা পায় তোমায় মানষের সন্তানের আগে। তুমি
রক্ষা করিবা তাহারদিগকে আপনার মনুষ্যের অপ্র
কাশ স্থানে অহঙ্কারী লোক হইতে তোমার গুপ্ত স্থানে
রক্ষা করিবা তাহারদিগকে ঝকড়ু জিহ্বা হইতে।
২১ ধন্য যিহুহা কেননা তিনি দেখাইয়াছেন আশ্চর্য্য
২২ দয়া আমাকে শক্ত সহরে। আমি শীঘ্র করিতেং
বলিলাম ছেদন হইয়াছি তোমার দৃষ্ট হইতে অবশ্য
তুমি শুনিয়াছ আমার নিবেদন কথা যখন চেঁচাইলাম
২৩ তোমারি ঠাঁই। প্রেম কর যিহুহাকে হে তোমরা তাহার
সকল দয়াপ্রাপকেরা যিহুহা রক্ষা করেন বিশ্বাসি
ও বিস্তর যশোদায় দেন অহঙ্কার কর্ত্তারদিগকে।
২৪ ধাত্তিরজমা হও তিনি বলবান করাইবেন তোমারদের
অন্তঃকরণ হে তোমরা সকল যে ভরসা পাও যিহুহায়

## ৩২ দ্বাত্রিংশতীয় গীত।

### দাঊদের স্মরণীয় এক গীত।

গীত ৩২ ধন্য তাঁহাকে যাহার অপরাধ মাফ হইয়াছে
যাহার পাপ আচ্ছাদিত আছে। ধন্য তাঁহাকে যাহার
ঠাঁই য়িহুহা পাপ গণনা করেন না যাহার আত্মায়
৩ ফাকি নহে। চুপ করিতে২ আমার অস্থি পুরাতন হইয়া
৪ গেল আমার সমস্ত দিন ক্রন্দন করণেতে। কেননা
দিবারাত্রি তোমার হাত ভারি আমার ওপর আমার
৫ রস গ্রীষ্মের শুষ্কতা হইয়া গেল। সেলা। আমি
স্বীকার করিলাম আমার পাপ তোমার কাছে ও
আমার অপরাধ ঢাকিলাম না আমি কহিলাম যে
আমার দোষ স্বীকার করিব য়িহুহার প্রতি ও তুমি
৬ মাফ করিয়াছ আমার পাপের অযথার্থ। সেলা। এ
নিমিত্ত প্রতি দয়াপাত্রক লোক কামনা করিবে তোমার
৭ স্থানে প্রাপ্তকালে অবশ্য মহা জল প্লাবিতে তাহারা
ছুইতে পাইবেক না তাহাকে। তুমি আমার গুপ্ত
৮ স্থান রক্ষ কর আমাকে দুঃখ হইতে ওদ্ধারের শব্দে
বেড়িব আমাকে। সেলা। আমি জ্ঞান দিব ও
৯ শিক্ষাইব তোমাকে যে পন্থে যাহাতে যাইতে হবে আমি
সুদৃষ্টি করিয়া যুক্তি দিব তোমাকে। অবুদ্ধি
ঘোড়া ও খচ্চরের মত হইয়া না যাহারদের জিহ্বালা
১০ ও লাগাম বন্ধন আবশ্যক আছে তাহারা তোমার
নিকট না আইসনার্থে। দুষ্ট লোকের অনেক দুঃখ
১১ হইবে কিন্তু যাহারা বিশ্বাস করে য়িহুহায় তাহার
দের চতুর্দ্দিগে হইবে কৃপা। হে ধার্ম্মিক হর্ষ হও
য়িহুহায় সকল সাধুত্তকরণীয় আনন্দিত হও।

৩৩ ত্রিয়স্ত্রিংশত্তীয় গীত।

দাঊদের গীত।

গীত হে ধার্ম্মিক য়িহুহার ঠাঁই আনন্দ শব্দ কর
৩৩ কেননা স্তুতি প্রকৃত ও প্রকৃতার্থিকের কর্ত্তব্য। য়িহুহার
স্তব কর বীন ও নবল বাজাইয়া দশতার জন্ত্র
৩ বাজাইতে২ গীত গাও তাহার স্থানে। নূতন গীত
গাও তাহার স্থানে আনন্দিত হইয়া মিলাপি গীত গাও
৪ তাহার কাছে। কেননা য়িহুহার কথা শুদ্ধ ও
৫ তাহার সকল কার্য্য বিশ্বাসি। তিনি ধর্ম্ম ও
প্রকৃতার্থ ভালবাসেন পৃথিবী য়িহুহার বরপূর্ণ।
৬ য়িহুহার কথায় স্বর্গ সৃজন হইল ও তাহারদের
৭ সকল সেনাগণ তাহার মুখের ভাপেতে। তিনি
সমুদ্রের জল রাশিতে একত্র করেন গভীর রাখিতে
৮ ছেন আপনার সম্পত্তের মধ্যে। সমস্ত দেশ ভয়
করুক য়িহুহাকে সংসারের সকল প্রজা ডর করুক
৯ তাহাকে। কেননা তিনি কহিলে তাহা ছিল বর্ত্তমান
১০ তিনি আজ্ঞা দিলে তাহা স্থির হইল। য়িহুহা বৃথা
করান বর্ণগণের ঠাওর লোকের মনের উদ্ভব তিনি
১১ করান কিছু নহে। য়িহুহার ঠাওর সদাকাল স্থির
১২ তাহার অন্তঃকরণের ভাব পুরুষ২ পর্য্যন্ত। ধন্য সে
বর্ণ যাহার ঈশ্বর য়িহুহা সে লোক যাহারদিগকে
১৩ পছন্দ করেন আপনার অধিকারের জন্য। য়িহুহা
দৃষ্টি করিলেন স্বর্গ থাকিয়া তিনি দেখিলেন মানুষের
১৪ সকল সন্তানেরদিগকে আপনার বসতি হইতে
দৃষ্টি করিলেন পৃথিবীর সকল গৃহস্থের ওপর।
১৫ তাহারদের অন্তঃকরণ একি মত সৃষ্টি করেন তিনি

১৬ মনে করেন তাহারদের সকল কার্য্য। রাজার
রক্ষা নহে তাহার অনেক সামন্ততে পরাক্রান্তের পরি
১৭ ত্রান হইবে না অনেক পরাক্রমে। অশ্ব রক্ষের কারন
বৃার তাহার অনেক বলেতে কাহার ত্রান হইবে না।
১৮ দেখ য়িহহার দৃষ্টি তাহারদের ওপর যাহারা ভয়
করে তাহাকে যাহারা ভরসা পায় তাহার অনুগ্রহে।
১৯ তাহারদের আত্মা নিস্তার করিতে মৃত্যু হইতে
২০ তাহারদিগকে বাঁচাইতে দুর্ভিক্ষতে। আমারদের
আত্মা অপিক্ষ করে য়িহহার কারন তিনি আমারদের
২১ ওপকারি ও আমারদের ঢাল। আমারদের মনের
হরিষ তাহায় কেননা ভরসা পাইয়াছি তাহার বিমা
২২ নামে। হে য়িহহা তোমার দয়া হওক আমার
দের ওপর যেন ভরসা পাইলাম তোমাতে।

দাওদের গীত যখন আবিমলখের গোচরে রূপ
অন্যথা করিলে সে খেদিয়া দিল তাহাকে ও
তিনি প্রস্থান করিলেন।

গীত আমি সর্ব্বকালে য়িহহার প্রশংসা করিব তাহার
৩৪ স্তুতি নিত্য হইবে আমার মুখে। আমার মন
ওল্লাষিত হইবে য়িহহার মৃদু লোক তাহা শুনিয়া
৩ হরিষ হইবেক। য়িহহার মহত্ত্ব কর আমার
সহিত আইস আমরা এক সঙ্গি তাহার মহা নাম
৪ করি। আমি য়িহহাকে চেষ্টা করিলাম তিনি
আমার কথা শুনিয়া পরিত্রান করিলেন আমাকে
৫ আমার সকল ভয় হইতে। তাহারা তাহার ওপরে

## ৩৪ চতুঃত্রিংশতীয় গীত।

দৃষ্টি করিয়া দীপ্তি পাইল এবং তাহারদের মুখ
৬ লজ্জিত ছিল না। এ গরিব চেঁচাইল ও যিহুহা
শুনিয়া তারিলেন তাহাকে তাহার সকল দুঃখ হইতে।
৭ যিহুহার দূত টোল ফেলে তাহারদের চতুর্দ্দিগে
যাহারা ভয় করে তাহাকে ও পরিত্রাণ করে তাহার
৮ দিগকে। চাকিয়া দেখহ যে যিহুহা দাতা ধন্য
৯ সে জন যে ভরসা করি তাহার ওপর। ভয় কর
যিহুহাকে হে তাহার পুণ্য লোক কেননা তাহারদের
১০ কিছু কমি নহে যে ভয় করে তাহাকে। সিংহের
বাচ্চা খাদ্যহীন ও ক্ষুধিত হয় কিন্তু যাহারা চেষ্টা
করে যিহুহাকে তাহারদের মঙ্গল কিছু কমি হইবে
১১ না। আইস শিশুরে অবধান কর আমার কথা
১২ আমি শিক্ষাইব তোমারদিগকে যিহুহার ভয়। কোন
জন পুরমায়ু চাহে ও ভদ্র দিন দেখিতে ইচ্ছা করে।
১৩ তোমার জিহ্বা রাখ মন্দ কহন হইতে ও তোমার
১৪ ওষ্ঠাধর প্রবঞ্চনা কহন হইতে। কুক্রিয়া ছাড় ও
ভাল কর কুশল চেষ্টা ও বড় অন্বেষণ কর।
১৫ যিহুহার চক্ষু ধার্ম্মিকেরদিগে ও তাহার কর্ণ তাহার
১৬ দের চেঁচানেরদিগে। যিহুহার মুখ কুকর্ত্তারদেরদিগে
১৭ তাহারদের নাম মোচনাথে পৃথিবী হইতে। ধার্ম্মিকেরা
ডাকিলে যিহুহা শুনিলেন ও তারিলেন তাহারদিগকে
১৮ তাহারদের সকল দুঃস্থ হইতে। যিহুহা আছেন
ভগ্নান্তঃকরণীয়েরদের নিকট ও মনচূর্ণ লোককে
১৯ রক্ষা করেন। ধার্ম্মিক লোকের অনেক দুঃস্থ কিন্তু

২০ য়িহুহা ত্রাণ করেন তাহাকে সকল হইতে। তিনি
রক্ষা করেন তাহার সকল অস্থি তাহারদের একটা
২১ ভাঙ্গিয়া যেন না যায়। আপদ মারিয়া ফেলিবে দুষ্ট
লোককে এবং ধার্ম্মিক ঘৃনকেরা অনাথ হইবে।
২২ য়িহুহা মুক্ত করিবেন আপনার দাসের আত্মা ও
যাহারা ভরসা করে তাহার ওপর তাহারা অনাথ
হইবে না।—

দাঊদের গীত।—

গীত ৩৫ হে য়িহুহা যাহারা বিরোধি করে আমার সহিত
তাহারদের সহিত বিরোধি কর ও যাহারা যুদ্ধ করে
২ আমার সহিত যুদ্ধ করে তাহারদের সহিত। ধর ঢাল
৩ ও চর্ম্ম ও আমার উপকার করিতে উঠ। তলোয়ার
বাহির কর এবং পথ বন্ধ কর আমার বৈরিরদিগের
বারন করিতে। কহ আমার আত্মাকে আমি তোমার
৪ ত্রাণ। যাহারা আমার প্রান চেষ্টা করে তাহারা হওক
লজ্জিত ও বিবর্ন যাহারা চিন্তে আমার হিংসা তাহারা
৫ ফিরিত ও লজ্জাচ্ছাদিত হওক। হওক তাহারা বাতা
সের সন্মুখে তুষির মত য়িহুহার দুত খেদিয়া দিওক
৬ তাহারদিগকে। হওক তাহারদের পথ অন্ধকার
ও পিচল ও য়িহুহার দুত তাড়ুক তাহারদিগকে।
৭ কেননা তাহারা অকারন ফাদ রাখিয়াছে আমাকে
ধরনের জন্য এক্টা খাদে যাহা অকারন খনন
৮ করিয়াছিল আমার প্রান ধরিতে। অকস্মাৎ
সর্ব্বনাশ আইসুক তাহার ওপর ও আপনার গুপ্ত
রাখা জালে আপনার পা ধরা যাওক সেই প্রমাদে

৯ পড়ুক সে । ও আমার মন হরিষ হইবেক য়িহ্বহায়
১০ তাহা আনন্দিত হইবে তাহার তারনে । আমার
সকল অস্থি বলিবে হে য়িহ্বহা তোমার তুল্য কেডা যে
নিস্তার করিতেছ গরিবকে সে জন হইতে যে অধিক
বলবান বটে গরিব ও তয়াস্তিককে তাহা হইতে যে
১১ জোর করে তাহার ওপর । অযথার্থিক সাক্ষীরা ওঠিল
যাহা আমি জানিলাম না তাহা তাহারা জিজ্ঞাসা
১২ করিল আমাকে । তাহারা সুক্রিয়ার কারন আমার
১৩ মন্দ করিল আমার প্রান নষ্ট করনের জন্য । কিন্তু সে
পীড়িত হইয়া আমার বস্ত্র ছিল চট আমি ওপবাস
করনেতে দুঃখ দিলাম আপনার প্রানকে ও আমার
১৪ কামনা ফিরিল আপনার বক্ষে । আমি করিলাম
যেন সে হইত আমার সখা কি ভাই আমি শোকিত
হইয়া হেঁট হইলাম তাহার মত যে ক্রন্দন করে
১৫ আপনার মাথার কারনে । কিন্তু আমার বিদসা কালে
তাহারা আনন্দ করিল ও একত্র ছিল বটে কাপুরু
যেরা ছিল আমার বিপরিতে ও আমি তাহা
জানিলাম না তাহরা চিরিল ও ত্যাগ করিল না ।
১৬ পবের কাল্পনিক নিন্দুক কবিরদের সহিত আমার
১৭ ওপর দন্ত ঘর্ষিল । হে য়িহ্বহা কত কাল দেখিবা
আমার প্রানকে ত্রান কর তাহারদের নষ্টতা হইতে
১৮ আমার প্রিয় বাঞ্ছা সিংহ হইতে । বড় সভায়
তোমার স্তব করিব অনেক লোকের মধ্যে তোমার
১৯ স্তুতি করিব । আমার শত্রুগন মিথ্যা ওল্লাসিত
হইতে দেও না আমার ওপর যাহারা অকারন ঘৃনা

২০ করে আমাকে তাহারা চক্ষু ঠারুক না। কেননা
তাহারা কুশল কথা কহে না ও তাহারদের প্রবঞ্চনা
করন ঠাওরে যাহারা নিরাপদি বাস করে দেশে।
২১ বটে তাহারা আমার ওপর মুখ মেলিতেছে বলে হাঁ।
২২ আমরা দেখিতে পাইয়াছি। হে যিহূহা তুমি
দেখিয়াছ চুপ করিয়া থাক না হে যিহূহা দূর হইও
২৩ না আমা হইতে। চৈতন্য হও জাগৃত হও
আমার বিচার করিতে হে আমার ঈশ্বর ও আমার
২৪ ভগবান আমার মকদ্দমা করনার্থে। হে যিহূহা
আমার ঈশ্বর আমার বিচার কর তোমার পুকৃতার্থা
নুযায়ি তাহারদিগকে আনন্দ করিতে দেও না আমার
২৫ ওপর। পাছে তাহারা মনে বলে হাঁ এ আমার বাঞ্ছা
পাছে তাহারা বলে আমরা গিলিয়া ফেলিয়াছি
২৬ তাহাকে। যাহারা আমার দুঃখ দেখিয়া আনন্দিত
হয় তাহারা একত্র লজ্জিত ও বিবর্ন হওক যাহারা
আপনারদিগকে বড়ে আমার ওপর তাহারা লজ্জা
২৭ ও বিবর্ন পরিচ্ছদান্বিত হওক। তাহারা আনন্দিত
ও ওল্লাষিত হওক যাহারা ইচ্ছা করে আমার ধর্ম্ম
তাহারা নিত্য কহক যিহূহার নাম হওক যিনি ইচ্ছা
২৮ করেন আপনার সেবকের কুশল। ও আমার
জিহ্বা কহিবে তোমার পুকৃতার্থ ও তোমার স্তব
সমস্ত দিনে।

## ৩৬ ষট্‌ত্রিংশত্তীয় গীত ।

### য়িহুহার দাস দাউদের গীত জয়ীকে ।

গীত দুষ্ট লোকের ঘাইটে আমি মনে বলিয়াছি
৩৬ ঈশ্বরের ভয় তাহার গোচরে নহে । কেননা সে
আপনার খোসামদি করে আপনার গোচরে তাহার
৩ পাপ দূষিত পাওয়া যাওন পর্য্যন্ত । তাহার মুখের
কথা অযথার্থ ও প্রতারনা সে জ্ঞান ও সুক্রিয়া করন
৪ ত্যাগ করিয়াছে । সে শয্যের উপর অযথার্থ ভাবে
সে অভদ্র পথে দাণ্ডাইতেছে সে কুক্রিয়া ঘৃনা না করি
৫ য়াছে । হে য়িহুহা তোমার কৃপা স্বর্গ তোমার
৬ সত্যতা গগনস্পর্শ । তোমার ধর্ম্ম মহা পর্ব্বতের
মত তোমার বিচার বড় গভার হে য়িহুহা তুমি মানুষ
৭ ও জন্তুকে আপনি রক্ষা করিতেছ । হে ঈশ্বর তোমার
দয়া কেমন শ্রেষ্ঠ অতএব মনুষ্যের সন্তানেরা ভরসা
৮ পায় তোমার পাখার ছায়ায় । তোমার ঘরের উত্তম
বস্তু পাইয়া তাহারা হইবে পরিতোষ এবং তোমার
সুখ দায়িক নদী হইতে পীতে দিবা তাহারদিগকে ।
৯ কেননা তোমার সহিত জীবনের উনই ও তোমার
১০ দীপ্তিতে আমরা দীপ্তি দেখিতে পাইব । বাড়াও
তোমার কৃপা তাহারদেরদিগে যাহারা জানে তোমাকে
এবং তোমার ধর্ম্ম সরলান্তঃকরনীয়েরদিগকে ।
১১. অহঙ্কারের পদ আমার উপর আসিতে দেহ না এবং
১২ পাপরের হাত আমাকে নড়াইতে দেহ না । কুকর্ত্তা
পড়িয়াছে সে স্থানে তাহারা পতিত হইয়াছে এবং
উঠিতে পারে না ।

## ৩৭ সপ্তত্রিংশত্তীয় গীত।—

### দাঊদের গীত।—

গীত ৩৭ ব্যস্ত হইও না কুকর্ত্তারদের জন্য ও জ্বলিও না
অযথার্থিকেরদের কারনে। কেননা সে ঘাশের মত
শীঘ্রু ছেদন হইবে ও সবুজ তৃনের মত শুষ্কিয়া
৩ যাইবে। ভরসা কর য়িহ্বহায় ও সুক্রিয়া কর দেশে
৪ বাস কর ও অবশ্য খাদ্য পাইবা। য়িহ্বহায় সন্তুষ্ট হও
এবং তিনি দিবেন তোমার অন্তঃকরনের বাঞ্ছা।
৫ তোমার গতি গচ্ছিত কর য়িহ্বহার স্থানে বিশ্বাস কর
৬ তাহায় ও তিনি করিবেন তাহা। তিনি প্রকাশ
করিবেন তোমার ধর্ম্ম যেন দীপ্তি ও তোমার বিচার
৭ মধ্যাহ্নের ন্যায়। চুপ কর য়িহ্বহার বর্ত্তমান ও তাহার
কারন অপেক্ষা কর যে ভাগ্যবান আপনার পথে তাহার
বিষয় ব্যথিত হইও না সেই জন যে করে আপনার
৮ মন্দ ঠাওর। ক্রোধ ত্যাগ কর কোপ ছাড়িয়া দেও
৯ কোন মতে ব্যস্ত হইও না কুক্রিয়া করিতে। কেননা
পামরেরদিগকে ছেদন করিতে হইবে কিন্তু যাহারা
অপেক্ষা করে য়িহ্বহার কারনে তাহারা পৃথিবী
১০ অধিকার পাইবে। কিঞ্চিৎ কাল পরে কাপুরুষ হইবে
না তুমি দেখিবা তাহার জাইগা ও তাহার উদ্দেশ
১১ হইবে না। কিন্তু নম্র লোক পৃথিবী অধিকার পাইবে
১২ এবং বড় প্রশাম প্রযুক্ত হরিষ হইবে। দুষ্ট ঠাওরে
পুন্যার্থিকের বিপরিতে ও দন্ত ঘাষে তাহার
১৩ উপর। ঈশ্বর নিন্দা করিবেন তাহাকে কেননা
১৪ দেখিতেছেন যে তাহার দিন আসিতেছে। পামর
লোক তলোয়ার খুলে ও ধনুক চাড়া দেয় পাড়িতে

## ৩৭ সপ্তত্রিংশত্তীয় গীত।

দুষ্টিয়েতে এবং উন্মাস্তি লোকের গায় ও পদে সাধুকে
১৫ মারিয়া ফেলিতে। তাহারদেরে তলোয়ার সান্ধাইবে
নিজ ও বুকরনে ও তাহারদের ধনুক ভাঙ্গিয়া যাইবে।
১৬ ধার্ম্মিকের অল্প পাপরের অনেক হইতে ভাল।
১৭ কেননা পাপরের ভুজ ভাঙ্গিয়া যাবেক কিন্তু য়িহুহা
১৮ প্রতিপালন করেন ধার্ম্মিককে। য়িহুহা জানেন
সাধু লোকের কাল তাহারদের সদাকাল অধিকার
১৯ হইবে। বিদসা কালে তাহার লজ্জা হইবে না এবং
২০ দুর্ভিক্ষ কালে তৃপ্তি হইবে। কিন্তু পাপরের ক্ষয় হইবে।
য়িহুহার শত্রু হইবে মেষের বাচ্চার চরবির মত
তাহারা গলিয়া যাইবে ধুমাতে গলিয়া যাইবে।
২১ পাপর কর্জ্জ লয় ও সোধি দেয় না কিন্তু ধার্ম্মিক
২২ দয়ালু ও দাতা। কেননা তাহার বরপ্রাপক যে ব্যক্তি
সে পৃথিবী অধিকার পাইবে কিন্তু তাহার শাপপ্রাপ্তের
২৩ দিগকে কাটিয়া ফেলাইতে হইবে। সুমানুষের
গমন য়িহুহার করনক স্থির হয় এবং তিনি ভাল
২৪ বাসেন তাহা। যখন পড়ে তখন পতিত থাকিবে
২৫ না কেননা য়িহুহা ধরেন তাহার হাত। আমি
যুবা ছিলাম এখন বৃদ্ধ হই কিন্তু ধার্ম্মিককে
ত্যাজ্য কখন দেখিলাম না কিম্বা তাহার সন্তান ভক্ষ্য
২৬ মাগিতে। সে নিত্য দয়ালু ও কর্জ্জদাতা তাহার
২৭ সন্তান হইবে বরপ্রাপক। কুক্রিয়া ত্যাগ কর সুক্রিয়া
২৮ কর ও সদাসর্ব্বক্ষনে বাস কর। কেননা য়িহুহা
প্রেম করেন প্রকৃত কার্য্য ও তাহার দয়াপ্রাপকগনকে
ত্যাগ করেন না তাহারদের নিত্য রক্ষা হইয়াছে

২৯ কিন্তু পাপরের বংশ ছেদন করিতে হইবে । ধার্ম্মিকেরা
পৃথিবী অধিকার পাইবে ও বাস করিবে সদাকাল
৩০ তাহার ওপর । ধার্ম্মিকের মুখ জ্ঞান কথা বলে ও
৩১ তাহার জিহ্বা বিচার কথা কহে । ঈশ্বরের ব্যবস্থা
তাহার অন্তঃকরণে তাহার গমনে পিচলি পড়িবে
৩২ না । পাপর দৃষ্টি করে ধার্ম্মিকেরদিগে ও তাহাকে
৩৩ বধ করিতে চাহে । য়িহুহা ছাড়িবেন না তাহাকে
তাহার হাতে ও বিচারে তাহার দোষ লাগাবেন না ।
৩৪ য়িহুহার আশ্রিত হও তাহার পথে যাও ও তিনি ওচ্চা
করাইবেন তোমাকে পৃথিবী অধিকার পাইতে দুষ্টের
দিগকে ছেদন হইলে তুমি তাহা দেখিতে পাইবা ।
৩৫ আমি দুষ্টকে দেখিয়াছি বড় দম্ভবান এবং বাড়িতেছে
৩৬ সহদেশি বৃক্ষের মত । সে গিয়াছে দেখ তাহার
ওদ্দেশ নহে আমি চেষ্টা করিলাম কিন্তু পাইলাম না
৩৭ তাহাকে । সাধুকে দেখ প্রকৃতার্থিককে অবলোকন
৩৮ কর কেননা সে জনের অন্ত কুশল । প্রতারকেরদিগকে
একত্র ছেদন করিতে হইবে পাপরের শেষ কাটিয়া
৩৯ ফেলিতে হইবে । ধার্ম্মিকের ত্রাণ য়িহুহা হইতে
৪০ অমঙ্গল সময়েতে তিনি তাহারদের বল । য়িহুহা
ওপকার করিবেন ও তারিবেন তাহারদিগকে তিনি
নিস্তার করিবেন তাহারদিগকে পাপর হইতে ও রক্ষা
করিবেন তাহারদিগকে কেননা তাহারদের ভরসা
তাহায় ।

## ৩৮ অষ্টত্রিংশতীয় গীত।

দাঁওদের গীত মনে দেওনের জন্য।

গীত হে যিহুহা ক্রোধিত হইয়া ধমকাইও না
৩৮ আমাকে এবং তোমার তপ্ত কোপে শাস্তি দিও না
২ আমাকে। কেননা তোমার বান আমাতে লাগিয়া
থাকে ও তোমার হাত ভারি চাপিতেছে আমার
৩ ওপর। তোমার ক্রোধেতে আমার মাংসের কিছু
সুস্থতা নহে ও আমার পাপের কারনে সুখ নহে
৪ আমার হাড়ে। কেননা আমার দোষ গিয়াছে আমার
মাথার ওপরে যেন ভারি বোঝা আমার শক্তি হইতে
৫ অধিক। আমার প্রহারের ঘা দুর্গন্ধ ও পোচিয়া
৬ যাইতেছে আমার পাগলামির নিমিত্ত। আমি ওদ্বিগ্নিত
আমি অতি হেঁট-হই সমস্ত দিনে আমি দুঃখিত
৭ হইয়া গতি করি। কেননা আমার কমর ঘৃনিং
পীড়া পূর্ন ও সুস্থতা নহে আমার শরীরে।
৮ আমি দুর্ব্বল ও অতি ভাঙ্গা হইয়াছি আমি গর্জ্জিয়াছি
৯ আমার অন্তঃকরনের চটপটের কারন। হে
যিহুহা আমার সকল আশা তোমার গোচরে
এবং আমার কোঁকান গুপ্ত নহে তোমা হইতে।
১০ আমার অন্তঃকরন হাঁপায় আমার বল গেল
১১ আমার চক্ষুর দৃষ্টি ও গেল আমা হইতে। যাহারা
প্রেম করে আমাকে ও আমার সখিগনেরা আমার ঘাত
দেখিয়া দূর দাণ্ডাইতেছে ও আমার প্রতিবাসী দূরে
১২ থাকে। যাহারা চেষ্টা করে আমার প্রান তাহারা
ফাঁদ পাতিয়াছে ও যাহারা আমার হিংসা করিতে চাহে

তাহারা হিং‌স্যা বলিতেছে ও সমস্ত দিনে মনে পুব
১৩ ঞ্চনা জন্মায়। কিন্তু আমি ছিলাম বধিরের মত
যে শুনে না ও গোঙ্গা মানুষের মত যে মুখ মেলে না
১৪ আমি ও ছিলাম তাহার মত যে শুনে না ও যাহার
১৫ মুখে বীমকাওন নহে। হে যিহহা আমি অপিক্ষ
করিয়াছি তোমার জন্য অহে যিহহা আমার ঈশ্বর
১৬ তুমি ওত্তর দিবা আমাকে। আমি কহিয়াছি শুন
আমার কথা তা নইলে তাহারা হরিষ হবে আমার ওপর
আমার পদ পিচলি পড়িলে তাহারা অহঙ্কার করিতে
১৭ লাগিল আমার ওপর কেননা আমি খোঁড়ার প্রায়
হইলাম এবং‌ আমার দুঃখ নিত্য আমার গোচরে।
১৮ কেননা আমি প্রকাশ করি আমার অযথার্থ আমি
১৯ দুঃখিত হই আমার পাপেতে। আমার শত্রুগান জীব
যুক্ত ও বলবান যাহারা অকারন ঘৃনা করে আমাকে
২০ তাহারা অনেক যাহারা ভাল পাইয়া মন্দ করে
তাহারা আমার বিপরিতে আমার ভাল করিতে
২১ চাহনের কারন। হে যিহয়া ত্যাগ করিও না
আমাকে হে আমার ঈশ্বর দুর হইও না আমা
২২ হইতে হে আমার ত্রানের যিহহা শীঘ্র আইস
আমার ওপকার করিতে।

যিদোত্তন জয়ীকে দাওদের গীত।

গীত ৩৯ আমি কহিয়াছি যে আপনার পথে সাবধান হইব
পাছে জিহ্বাতে পাপ করি আমি মুখ রাখিব যেমত
২ লাগাম দিয়া যতক্ষনে দুষ্ট আমার নিকট। আমি নিরব

## ৩৯ ঊনচত্বারিংশতীয় গীত।—

হইয়া গোঙ্গার ন্যায় থাকিলাম আমি চুপ করিলাম ভাল
কথা কহন হইতে ও আমার শোক উৎপত্তি ছিল।
৩ আমার অন্তঃকরন তপ্ত হইল আমার মধ্যে ভাবিতেং
৪ আগুন জ্বলিল পরে আমি জিহ্বা দিয়া কহিলাম। হে
য়িহুহা আমার শেষকাল জানাও আমাকে ও আমার
দিনের মাপ কি যেন জানিতে পাইব আমার আয়ু কি।
৫ দেখ তুমি করিয়াছ আমার দিন এক বিঘত ও
আমার কাল যেমন কিছু নহে তোমার গোচরে
অবশ্য প্রতি মানুষ উত্তম কালে ও যোলয়ানা
৬ শূন্যতা। সেলা। অবশ্য প্রতি মানুষের গমন
শূন্যদর্শনীয়তে অবশ্য তাহারা অকারন ব্যস্তিত
সে ধন সঞ্চয় করে কিন্তু জানে না কেডা তাহার
৭ অধিকার পাইবে। হে য়িহুহা এখন আমার
৮ ভরসা কি আমার ভরসা তোমায়। মুক্ত কর আমাকে
আমার সকল ঘাইট হইতে পাগলের তুচ্ছপাত্র করাইও
৯ না আমাকে। আমি গোঙ্গা হইয়াছিলাম আমি
মুখ খুলিলাম না কেননা তুমি তাহা করিয়াছ।
১০ আমা হইতে লড়াও তোমার ঘাত আমি ক্ষয় হইয়াছি
১১ তোমার হাতের প্রহারেতে। পাপের কারনে
ধমকাইতেং মানুষকে সাজা দিয়া তুমি আনাইয়াছ
তাহার সৌন্দর্য্যতা যেমন কীটের অবশ্য প্রতি জন
১২ শূন্যতা মাত্র। সেলা। হে য়িহুহা শুন আমার
নিবেদন অবধান কর আমার চেঁচান আমার চক্ষুর
জল দেখিয়া চুপ করিও না কেননা আমি তোমার
সহিত বিদেশী ও প্রবাসী যেমত আমার সকল পিতৃ

১৩ গেন ছিল। ছাড়িয়া দেও আমাকে আমি কিছু বল
পাইব আমার এখন হইতে যাওন ও না হওনের
পূর্ব্বে।

## দাঊদের গীত অগ্রাকে।

গীত ৪০ আমি ধৈর্য্যমান হইয়া অপিক্ষ করিলাম য়িহুহার
কারন ও তিনি অবধান করিয়া শুনিলেন আমার চেঁচান।
তিনি উঠাইলেন আমাকে ও ভয়ঙ্কির খাদ হইতে দহলা
কাদা হইতেই এবং আমার পা স্থিতি করিলেন পর্ব্বতের
৩ উপর ও সোজা করিলেন আমার গমন। তিনি
ও একটা নুতন গীত দিয়াছেন আমার মুখে তাহাই
আমার ঈশ্বরের স্তুতি অনেকে দেখিবে ও ভীত
৪ হইবে ও ভরসা পাইবে য়িহুহায়। ধন্য সে মানুষ
যাহার ভরসা য়িহুহায় ও যে অহঙ্কিরী লোক ও মিথ্যা
৫ বক্তারদিগকে মানে না। হে য়িহুহা আমার ঈশ্বর
তোমার কৃতাশ্চর্য্য অনেক ও তোমার যে ঠাওর আমার
দেরদিগে তাহা গননা যায় না তোমার স্থানে। আমি
যদি তাহার বৃত্তান্ত কহিতে ও বলিতে চাহি তবে তাহা
৬ আমার বনন হইতে অধিক। বলিদান ও উৎসর্গ
তুমি ইচ্ছা না করিয়াছ আমার কন খুড়িয়াছ। হোম ও
৭ পাপের নিমিত্তক বলিদান তুমি না চাহিয়াছ তখন
আমি বলিলাম দেখ আমি আসিতেছি পুস্তকে লিপি
৮ আছে আমার বিষয় আমি তোমার ইচ্ছা করিতে
চাহি হে আমার ঈশ্বর তোমার ব্যবস্থা ও আমার
৯ হৃদয়ে। আমি মহা সভায় প্রকাশ করিয়াছি তোমার

৪০ চত্বারিংশতীয় গীত।

নায়  দেখ আমি কথা কহন নিশেধি না হইলাম
১০ হে য়িহহা তুমি জাত আছ। আমি ঢাকিয়া না রাখি
য়াছি তোমার ধর্ম্ম আমার অন্তঃকরনে আমি কহি
য়াছি তোমার সত্যতা ও তোমার ত্রান আমি গুপ্ত না
রাখিয়াছি তোমার কৃপা ও তোমার সত্যতা মহা
১১ সভায়।  হে য়িহহা রুদ্ধ করিও না তোমার দয়া
আমা হইতে।  তোমার দয়া ও সত্যতা নিত্য
১২ রক্ষা করুক আমাকে।  কেননা অগনন দুঃখ
বেড়িয়াছে আমাকে আমার অযথার্থ ধরিয়াছে
আমাকে যেন ঊর্দ্ধ দৃষ্ট করিতে পারি না তাহা
আমার মাথার চুল হইতে অধিক অতএব আমার
১৩ অন্তঃকরন ও গ্লানি হইয়াছে। হে য়িহহা যেন তোমার
সন্তোষ হয় আমাকে পরিত্রান করিতে হে য়িহহা
১৪ শীঘ্র আইস আমার উপকার করিতে।  যাহারা
আমার প্রান ধ্বংস করিতে চাহে তাহারা একত্র
লজ্জিত ও বিবর্ন হউক যাহারা আমার হিংসা
১৫ চাহে তাহারা ফিরিত ও লজ্জিত হউক।  তাহারদের
লজ্জা ফলেতে অনাথ হউক যাহারা বলে আমাকে
১৬ হাঁ হাঁ।  যাহারা চেষ্টা করিতেছে তোমাকে তাহারা
হউক আনন্দিত ও উল্লাসিত  যাহারা প্রেম করে
তোমার মুক্তক্রিয়া তাহারা যেন বলে য়িহহোর নাম
১৭ হউক।  আমি দুঃখিত ও ভগ্নাস্তি তত্রাপি য়িহহা
মনে করেন আমাকে।  তুমি আমার উপকারি ও
ত্রানকর্ত্তা হে আমার ঈশ্বর বিলম্ব করিও না।

## ৪১ একচত্বারিংশতীয় গীত ।

### দাওদের গীত জয়ীকে ।

গীত বিন্য সেজন যে জানে দুঃখিত লোককে মন্দ দসায়
৪১ যিহুহা পরিত্রাণ করিবেন তাহাকে । যিহুহা রক্ষা
করিবেন এবং বাঁচাইবেন তাহাকে সে ও হইবে বিন্য
পৃথিবীতে তুমি ও তাহার শত্রুরদের ইচ্ছায় গচ্ছিত
৩ করিবা না তাহাকে । যিহুহা রক্ষা করিবেন তাহাকে
তাহার কাহিলতার শর্য্যে তুমি ও সোজা করিবা তাহার
৪ রোগ কালের বিছানা । আমি কহিলাম হে যিহুহা
দয়া কর আমাকে সুস্থ কর আমার আত্মা কেননা
৫ পাপ করিয়াছি তোমার বিপরিতে । আমার শত্রু
মন্দ কথা কহে আমার বিষয় সে কখন মরিবে ও
৬ তাহার নাম কখন ক্ষয় হইবে । যদি সে আমাকে
দেখিতে আইসে তবে মিথ্যা কথা কহে তাহার
অন্তঃকরন অযথার্থ জমা করে আপনার কাছে সে
৭ বাহিরে যাইয়া তাহা কহে । যাহারা ঘৃনা করে
আমাকে তাহারা সকলে ফুস২ করিয়া বলে আমার
বিষয় তাহারা আমার বিপরিতে হইয়া আমার হিংসা
৮ চাওয়ে । তাহারা বলিতেছে কুচ্ছিত ব্যাধি তাহাকে
৯ লাগে না সে শুইয়া ও উঠিবে না । আমার সখি
ও যাহাতে আমার বিশ্বাস যে ও আমার উপজীবি সে
১০ ওসমুক্তা উঠাইয়াছে আমার উপর । তুমি হে যিহুহা
দয়া কর আমাকে উঠাও আমাকে তাহারদের প্রতি
১১ ফল দেওনার্থে । আমার শত্রূ উল্লাষিত না হইয়াছে
আমার উপর ইহাতে আমি জানি যে তোমার সন্তোষ
১২ আমাতে । তুমি আমার সুদ্ধতাতে পালন করিতেছ

আমাকে ও সদাকাল রাখিতেছ আমাকে তোমার
১৩ গোচরে । ধন্য যিহুহা যিশরালের ঈশ্বর সদা
সর্ব্বক্ষণে । আমেন ও আমেন ।

আয়িকে এক গীত করক্ষের সন্তানের নিমিত্ত শিক্ষা
করনার্থে ।

গীত যেমন হরিন স্বচেষ্টিত জল শ্রোতের জন্য তেমন
৪২ আমার মন চেষ্টিত তোমার কারনে হে ঈশ্বর ।
২ আমার মন ঈশ্বরের নিমিত্ত তৃষ্ণিত তাহাই জীবত্ত
ঈশ্বরের নিমিত্ত আমি কখন আসিয়া ঈশ্বরের
৩ সাক্ষাতে হইব । অহোরাত্রে আমার চক্ষুজল
আহার যাবৎ তাহারা সদত বলে আমাকে তোমার
৪ ঈশ্বর কোথায় । ইহা মনে পাইয়া আমি ঢালিয়া
ফেলি আমার মন কেননা আমি গিয়াছিলাম মানবের
সহিত আমি গিয়াছিলাম তাহারদের সহিত ঈশ্বরের
ঘরে উল্লাষ ও স্তুতি শব্দ করিতে২ পর্ব্ব পালকেরদের
৫ সহিত । হে আমার মন তুমি ব্যস্ত সমস্ত কেন কেন
ভাবনা করিতেছ আমার অন্তরে । অপেক্ষা কর ঈশ্বরের
জন্য কেননা এখন আমি তাহার প্রশংসা করিব তাহার
৬ সাক্ষাতের ত্রানার্থে । হে আমার ঈশ্বর আমার
মন দুঃখিত হইতেছে আমার মধ্যে অতএব আমি
মনে করিব তোমাকে য়িৰ্দ্দন দেশ হইতে ও হর্ম্মনীর
৭ দের মজউর পর্ব্বত হইতে । গভীর ডাকে
গভীরকে তোমার জল নরদমার শব্দেতে তোমার
৮ সকল ঢেও ও ঝড় গিয়াছে আমার উপরে । দিনে

য়িহুহা আজ্ঞা করিবেন তাহার দয়া ও রাত্রিতে তাহার
গীত হবে আমার সহিত তাহাই কামনা আমার
৯ প্রানের ঈশ্বরের ঠাঁই। ঈশ্বরকে কহিব হে আমার
পর্ব্বত কি নিমিত্ত বিস্মৃতি হইয়াছ আমাকে শত্রুর
১০ জোরেতে দুঃখিত চলিব কি কারন। যেমন তলোয়ার
আমার হাড়ে তেমনি আমার শত্রুগন বকে আমার
অপমান সমস্ত দিন কহিতেং তোমার ঈশ্বর
১১ কোথায়। হে আমার মন তুমি ব্যস্ত সমস্ত কেন
কেন ভাবনা করিতেছ আমার অন্তরে অপেক্ষ কর
ঈশ্বরের জন্য কেননা এখন আমি তাহার প্রশংসা
করিব আমার মুখের ত্রান ও আমার ঈশ্বর।

গীত ৪৩ হে ঈশ্বর কর আমার বিচার ও কর আমার
মকদ্দমা নির্দ্দয় বর্গের সহিত প্রতারক ও অযথার্থিক
২ মানুষ হইতে পরিত্র কারন আমাকে। কেননা তুমি
আমার বলের ঈশ্বর কি কারন দূর হইতেছ আমা
হইতে আমি কি কারন দুঃখিত চলি শত্রুগন যাবৎ
৩ জোর করিতেছে আমার ওপর। তোমার দীপ্তি
ও তোমার সত্যতা প্রকাশ কর তাহা আমাকে
লওয়াওক ও পথ দেখাওক তোমার ধর্ম্ম পর্ব্বতে
৪ ও তোমার পবিত্র স্থানে। আমি ও যাইব
ঈশ্বরের যজ্ঞকুণ্ডের সমীপে আমার উল্লাসের
আনন্দ ঈশ্বরের নিকট বীন বাজাইতেং আমি ও
৫ স্তব করিব তোমাকে হে ঈশ্বর আমার ঈশ্বর। হে
আমার মন তুমি কেন ব্যস্ত সমস্ত ও কেন ভাবনা

৪৩ ত্রিচত্বারিংশতীয় গীত ।

ক্ষরিতেছ আমার অন্তরে অপেক্ষ কর ঈশ্বরের জন্য
কেননা এখন তাহার প্রশংসা করিব তিনি আমার
মুখের ত্রান ও আমার ঈশ্বর ।

জয়ীকে করক্ষের সন্তানের কারন শিক্ষা করনার্থে ।

গীত হে ঈশ্বর আমরা কর্নে শুনিয়াছি আমারদের
৪৪ পিতৃরা কহিয়াছে আমারদিগকে তুমি কি কার্য্য করি
য়াছ তাহারদের কালে তাহাই পূর্ব্ব কালে । তুমি
২ হাত দিয়া দেবপুজকেরদিগকে খেদাইয়া তাহার
দিগকে রুপিয়াছ লোককে হিংসা করিয়া তাড়িয়াছ ।
৩ কেননা তাহারা আপনার তলোয়ার দিয়া দেশের
অধিকার পাইল না ও আপনারদের ভুজেতে ত্রান
পাইল না । কিন্তু তোমার দক্ষিন হাত ও তোমার ভুজ
ও তোমার মুখের দীপ্তি কেননা ভাল বাসিয়াছ তাহার
৪ দিগকে । হে ঈশ্বর তুমি আমার রাজা যাকুবের
৫ ত্রান আজ্ঞা কর । তোমার করনক আমরা ঠেলিয়া
ফেলিয়াছি আমারদের বৈরঙ্গিরদিগকে তোমার নামে
৬ দলিয়া ফেলিব আমারদের বিপক্ষেরদিগকে । আমার
ধনুকে বিশ্বাস করিব না আমার তলোয়ার আমাকে
৭ তারিবে না । তুমি রক্ষা করিয়াছ আমারদিগকে
আমারদের শত্রুগন হইতে যাহারা ঘৃনা করে
আমারদিগকে তাহারদিগকে লজ্জিত করাইয়াছ ।
৮ আমরা ঈশ্বরে দর্প হইব সমস্ত দিন ও তোমার
৯ নামের সর্ব্বদা প্রশংসা করিব । সেলা । তুমি

ও দূর করিয়া লজ্জিত করাইয়াছ আমারদিগকে ও
১০ আমারদের সেনাগনের সহিত না গিয়াছ। তুমি
ফিরাইয়াছ আমারদিগকে আমারদের শত্রুগন
হইতে ও যাহারা ঘৃনা করে আমারদিগকে তাহারা
১১ লুটিয়া লয় আপনারদের কারন। তুমি করিয়াছ
আমারদিগকে খাইবার মেষের মত তুমি ছিন্ন
১২ ভিন্ন করিয়াছ আমারদিগকে বর্ন্নেরদের মধ্যে। তুমি
অলভ্য বিক্রয় করিয়াছ তোমার লোককে ও তাহার
১৩ দের মূল্যেতে আপনার ধন না বাড়াইয়াছ। তুমি
করিয়াছ আমারদিগকে লজ্জা বস্তু আমারদের সকল
প্রতিবাসীরদের ঠাঁই পরিহাস্য ও নিন্দা তাহারদের ঠাঁই
১৪ যাহারা আমারদের চতুর্দ্দিগে। তুমি করিয়াছ
আমারদিগকে উপকথনীয় বর্ন্নেরদের মধ্যে এক
১৫ মাথা নোয়নের বিষয় লোকেরদের মধ্যে। সমস্ত
দিন আমার হেলন আমার গোচরে ও আমার
১৬ মুখের লজ্জা ঢাকিয়াছে আমাকে। তাহার রবেতে
যে নিন্দা ও হেলন করে শত্রু ও দায়কের হেতু
১৭ এই সকল পড়িল আমারদের উপর কিন্তু আমরা
বিস্মৃত হইলাম না তোমাকে ও মিথ্যা কহিলাম না
১৮ তোমার বন্দোবস্তে। আমারদের অন্তঃকরন ফিরে
না ও আমারদের পা তোমার পথ না ছাড়িয়াছে।
১৯ নাগ স্থানে তুমি মারিয়া দুঃখ দিয়াছ আমারদিগকে
২০ ও মৃত্যুর ছায়া ঢাকিয়াছ আমারদিগকে। আমরা
যদি আমারদের ঈশ্বরকে বিস্মৃত হইয়া থাকি ও
২১ হাত মেলিয়া থাকে অন্য প্রভুর কাছে। তবে

3।

## ৪৪ চতুশ্চত্বারিং-শত্তীয় গীত।

ঈশ্বর কি তাহা তজবিজ করিবেন না। কেননা তিনি
২২ জাত আছেন অন্তঃকরনের গুপ্ত ভাব। আমরা
হত্যা হই সমস্ত দিনে তোমার নিমিত্ত আমরা গননা
২৩ হইয়াছি মরিবার মেষের মত। হে যিহুহা জাগ কেন
নিদ্রিত হইতেছ ওঠ সর্ব্বদা ত্যাগ করিও না আমার
২৪ দিগকে। কি কারন মুখ আচ্ছাদন করিতেছ আমার
দের দুঃখ ও আমারদের ঘোর পাওয়ন বিস্মৃতি
২৫ হইতেছ কেন। কেননা আমারদের প্রান নিচে
পড়িয়াছে ধুলায় এবং আমারদের পেট মৃত্তিকায়
২৬ থাকে। ওঠ আমারদের উপকারার্থে ও মুক্ত কর
আমারদিগকে তোমার নামের্থে।

জয়ীকে সোসনের বিষয় শিক্ষা করনার্থে করহের
সন্তানের কারন প্রেম গীত।

গীত আমার অন্তঃকরন ভাল কথা স্ফুরে। আমার রচন
৪৫ কহিব রাজাকে। আমার জিহ্বা শীঘ্র লেখকের
কলম। তুমি মানুষের সন্তান হইতে সুন্দর
অনুগ্রহ ঢালা গিয়াছে তোমার ওষ্ঠাধরে তেকারনে
ঈশ্বর সদাকালার্থে বর দিয়াছেন তোমাকে।
৩ তোমার উরুতে তলোয়ার বন্ধ হে পরাক্রান্ত
৪ তোমার তেজ ও তোমার মহত্বতায় ভাগ্যবান হও
এবং সত্যতা ও নম্র ও পুন্যতার্থের কথারোহন
কর। তোমার দক্ষিন হাত ও শিক্ষাইবে ভয়ঙ্কার
৫ কার্য্য তোমাকে। তোমার বান তীক্ষ্ন রাজার
শত্রুরদের অন্তঃকরনে লোক পড়িবে তোমার নিচে।
৬ হে ঈশ্বর তোমার সিংহাসন সদাসর্ব্বক্ষনে

৭ তোমার রাজদণ্ড পুকৃতার্থের দণ্ড। তুমি ধর্ম্ম ইচ্ছা
করিয়াছ ও কুক্রিয়া ঘৃনা করিয়াছ সেকারন ঈশ্বর
তোমার ঈশ্বরই আনন্দ তৈল অভিষেক করিয়াছেন
৮ তোমাকে তোমার সখিগান হইতে অধিক। তোমার
সকল বস্ত্র মর ও আগুর ও দারুচিনি গন্ধ করে
হস্তীদন্তের অট্টালিকা হইতে যেখান হইতে তাহারা
৯ আনন্দ দিয়াছে তোমাকে। রাজকুমারীরা তোমার
গুত্তম বস্তুর মধ্যে রানী আফ্ফিরের মহর সোণা স্বর্ন
১০ বিভুষিত দাণ্ডাইল তোমার দক্ষিনে। হে কন্যা কথা
শুন ও বিবেচনা কর বিস্মৃতি হও আপনার লোককে
১১ ও আপনার পিতার বাড়ী। তাহাতে রাজা ইচ্ছা করিবেন
তোমার সৌন্দর্য্য কেননা তিনি তোমার পুভু ও পুনাম
১২ কর তাঁহার কাছে। জোরের কন্যা ও নজর হাতে
করিয়া হইবে সে স্থানে লোকের ধনবানেরা
১৩ নিবেদন করিবে তোমার স্থানে রাজকুমারী ভিতরে
সকল তেজবতী তাহার পরিচ্ছদ সিল্ল জরি কার্য্যের।
১৪ বুটা কার্য্য বস্ত্রাদিতে তাহাকে আনিতে হইবে
রাজার নিকটে তাহার পশ্চাৎ বর্ত্তি সমভ্যারী কন্যা
১৫ গনকে আনিতে হইবে তোমার স্থানে। তাহারা হরিষ
ও ওল্লাসিত হইয়া আনিতে হবে এবং রাজাট্টালিকায়
১৬ পুবেশ করিবে। তোমার পিতৃরদের স্থানে তোমার
সন্তান হইবে যাহারদিগকে অধ্যক্ষ নিযুক্ত করিতে
১৭ পারিবা সকল দেশে আমি করিব তোমার নাম সকল
পুরুষানুক্রমে কেননা লোকে পুশংসা করিবে তোমার
স্থানে সদাসর্ব্বক্ষনে।

## ৪৬ ষড়চত্বারিংশতীয় গীত।

প্রধানবাদ্যকরের প্রতি এক গীত অলামোতে কোরহের সন্তানের কারণ।

গীত ঈশ্বর আছেন আমারদের আশ্রয় ও বল বিদমা
৪৬ কালে নিত্য নিকট উপকারি। অতএব পৃথিবী লড়লে
আমরা ভয় করিব না ও পর্ব্বত যদি লড়িয়া পড়ে সমু
৩ দ্রের গভীরেতে। তাহার জল যদ্যপিস্যাত বড় ঢেওতে
গর্জ্জে ও পর্ব্বত তাহার মহত্বতে যদি কম্পে। সেলা।
৪ তথাপি এক নদী আছে তাহার নালাতে ঈশ্বরের সহর
আনন্দিত করায় সর্ব্বাধ্যক্ষের বসতির পবিত্র স্থান।
৫ ঈশ্বর আছেন তাহার মধ্যখানে তাহা লড়িবে না
ঈশ্বর অতি ভোরে তাহার উপকার করিবেন।
৬ বর্নগিন শব্দ করিল রাজ্য লড়িল তিনি রব স্ফুরিলেন
৭ পৃথিবী গলিয়া গেল। সৈন্যের ঈশ্বর আমারদের
সহিত যাঁকুবের ঈশ্বর আমারদের উচ্চাশ্রায়। সেলা।
৮ আইস দেখ য়িহুহার ক্রিয়া তিনি কেমন শূন্যতা
৯ করিয়াছেন পৃথিবীতে। তিনি রন নিশেধ করেন
পৃথিবীর অন্ত পর্য্যন্ত তিনি ধনুক ভাঙ্গেন ও
তলোয়ার ভাঙ্গিয়া ফেলেন ও রথ অগ্নিতে পোড়াইয়া
১০ ফেলেন। চুপ করিয়া দেখ যে আমি ঈশ্বর বর্ন
গনের মধ্যে আমার নাম করিতে হইবে পৃথিবীতে
১১ আমার প্রশংসা ঘোষিতে হইবে। সৈন্যের য়িহুহা
আমারদের সহিত যাঁকুবের ঈশ্বর আমারদের
আশ্রয়। সেলা।

## ৪৭ সপ্তচত্বারিংশত্তীয় গীত।

জয়ীকে এক গীত কর্‌হের সন্তানের কারন।

গীত ৪৭ হে সর্ব্ব লোক হাততালি জয়জয়কার রবে চেঁচাও
য়িহুহার স্থানে। কেননা য়িহুহা সর্ব্বোর্দ্ধ মহা
ভয়ঙ্কার তিনি মহারাজা সকল পৃথিবীর ওপর।
৩ তিনি লোককে করিবেন আমারদের করতলি ও
বর্ণেরদিগকে আমারদের পদতলে। তিনি পসন্দ
৪ করিবেন আমারদের অধিকার আমারদের জন্য
যাকুবের ওত্তম যাহাকে প্রেম করিয়াছেন। সেলা।
৫ ঈশ্বর জয়ংকার শব্দ করিতেং ওপরে গিয়াছেন য়িহুহা
৬ ও তুরি বাজাইতেং। গীত গাও ঈশ্বরের কাছে গান
কর। গীত গাও আমারদের রাজার শুবনে গান কর।
৭ কেননা ঈশ্বর সমস্ত পৃথিবীর রাজা বিবেচনাতে গীত
৮ গাও। ঈশ্বর কর্তৃত্ব করেন বর্ণেরদের ওপর
ঈশ্বর বসেন তাহার ধর্ম্মের সিংহাসনের ওপর।
৯ লোকের অধ্যক্ষেরা একত্র হয় আবরহামের ঈশ্বরের
লোকের সহিত কেননা পৃথিবীর সমস্ত ঢাল ঈশ্বরের।
তিনি অতি সম্ভ্রান্ত।

একটা প্রবান গীত কর্‌হের সন্তানের কারন।

গীত ৪৮ য়িহুহা মহত ও মহা স্তবযোগ্য ঈশ্বরের সহরে
তাহার ধর্ম্ম পর্ব্বতে। বিলক্ষণ স্থানে সকল পৃথিবীর
আনন্দ জীয়ন পর্ব্বত ওত্তর দিগে মহা রাজার সহর।
৩ একটা আশ্রয় নিমিত্ত ঈশ্বর বিখ্যাত আছেন তার
৪ অট্টালিকায়। কেননা দেখ রাজারা সভা হইল তাহারা
৫ একত্র চলিয়া গেল। তাহারা দেখিল চমৎকৃত হইল

৬ তাহারা ডর পাইয়া বেগে গেল। সেখানে ভয় ধরিল
৭ তাহারদিগকে ও ব্যথা প্রসব কালের ন্যায়। তুমি
পুরবীয় বাতাসে ভাঙ্গিয়াছ তার্ষসের জাহাজগুলা।
৮ আমরা যেমন শুনিয়াছি তেমন দেখিয়াছি সৈন্যের
য়িহোবার সহরে আমারদের ঈশ্বরের সহরে ঈশ্বর
৯ তাহা সদাকালে স্থির করিবেন। সেলা। হে ঈশ্বর
আমরা মনে করিয়াছি তোমার দয়া তোমার মন্দিরের।
১০ হে ঈশ্বর যেমন তোমার নাম তেমন তোমার স্তব
পৃথিবীর সীমা পর্য্যন্ত তোমার দক্ষিন হস্ত ধর্ম্মপূর্ণ।
১১ জীয়ুল পর্ব্বত আনন্দিত হওক য়িহোদার কন্যা হরিষ
১২ হওক তোমার বিচারেতে। জীয়ুনরে চারিদিগে যাও
১৩ তাহার চতুর্দ্দিগে হও তাহার গড় গননা কর। মনে
কর তাহার পেলা দৃষ্ট কর তাহার অট্টালিকা যেন
১৪ আসিবার পুরুষকে কহিতে পারিবা কেননা এ
ঈশ্বর আমারদের ঈশ্বর সদাসর্ব্বক্ষনে তিনি
আমারদের পথ দেখাইবেন মরন কাল পর্য্যন্ত।

জয়ীকে এক গীত করহের সন্তানের কারন।

গীত ৪৯ ইহা শুন তোমরা সকল লোক অবধান কর জগ
তের সকল গৃহস্থ মহত ও চাসা ধনবান ও
৩ গরিব একেমত। আমার মুখ কহিবে বিদ্যা ও
৪ আমার মনের চিন্তা হইবে বুদ্ধি। আমি অবধান
করিব দ্যাথ কথা আমার সঙ্কেত প্রকাশ করিব
৫ বীনে। দুঃখের দিনে কেন ভয় করিব যখন আমার
৬ গুরুদ্রোহীর অযথার্থ বেড়ে আমাকে। যাহারা

বিশ্বাস করে আপনারদের সম্পত্তো এবং অনেক ধনে
৭ দর্প কথা কহে তাহারদের কেহ আপনার ভাই
মুক্ত করিতে পারে না ও প্রায়শ্চিত্ত্য দিতে পারে না
৮ ঈশ্বরকে কেননা তাহার আত্মা মুক্তের অনেক
৯ মুল্য ও সাঙ্গ হইল সদাকাল। যেন সদাকাল
১০ বাঁচিবেক ও ক্ষয় না দেখিবেক। কেননা সে দেখে
যে জ্ঞানবান লোক মরিয়া যায় পাগল ও অজ্ঞান লোক
সেই মতে নষ্ট হয় তাহারা তাহারদের সামগ্রী
১১ ছাড়িয়া দেয় অন্য লোককে। তাহারদের মনে
আছে যে তাহারদের বাড়ী সর্ব্বকাল থাকিবে ও
তাহারদের বসতি অনেক পুরুষ পর্য্যন্ত তাহারা
১২ ভূমিতে রাখে আপনারদের নাম। কিন্তু মানুষ
সম্ভ্রান্ত হইয়া থাকে না সে অচিরস্থিত জন্তুর ন্যায়।
১৩ এ তাহারদের পথ তাহারদের উন্মত্তিতা তাহার
দের সন্তানেরদের মন ও মিলে তাহারদের সহিত।
১৪ সেলা। তাহারা নরকে শুইয়া থাকে মেষের
মত মৃত্যু খাইয়া ফেলিবে তাহারদিগকে ও
ধার্ম্মিক কর্ত্তৃত্ব করিবে তাহারদের উপর প্রাতঃকালে
তাহারদের রূপ ও পুরাতন হইয়া যাইবে তাহারদের
১৫ বাটী হইতে নরক পর্য্যন্ত। কিন্তু ঈশ্বর উদ্ধার
করিবেন আমাকে নরকের পরাক্রম হইতে কেননা
তিনি গ্রহন করিবেন আমাকে। সেলা। ভয়
১৬ করিও না যখন কেহ ধনবান হইয়া যায় যখন তাহার
১৭ বাটীর সম্ভ্রম বৃদ্ধ হইয়াছে কেননা সে মরন কালে
কিছু সঙ্গে লইয়া যাবে না তাহার সম্ভ্রম নামিবে না

## ৪৯ ঊনপঞ্চাশতীয় গীত।

১৮ তাহার সহিত। সে জীবন কালে আপনার
প্রাণকে বর দিল ও তুমি আপনার ভাগ্য করিলে
১৯ লোকেরা তোমার নাম ও করিবে। সে যাইবে
তাহার পিতৃ পুরুষে তাহারা দীপ্তি কখন দেখিতে
২০ পাইবে না। মানুষ সম্ভ্রম পাইলে অজ্ঞান হইয়া
জন্তুর মত আছে যে ক্ষয় হইয়া যায়।

## আসফকে এক গীত।

গীত ৫০ প্রভু ঈশ্বর যিহুহা কহিয়াছেন ও পৃথিবীকে
ডাকিয়াছেন সূর্য্যের উদয় স্থান হইতে অস্ত
২ যাওন পর্য্যন্ত। সুন্দর রূপের শুদ্ধতা চীয়ন হইতে
৩ ঈশ্বর দীপ্তি করিয়াছেন। আমারদের ঈশ্বর
আসিবেন ও চুপ করিবেন না আনল খাইয়া ফেলিবে
তাহার অগ্রে ও মহা ঝড় উৎপত্তি হইবে তাহার
৪ চতুর্দ্দিগে। তিনি ডাকিবেন ঊর্দ্ধস্বর্গ ও পৃথিবীকে
৫ তাহার লোকের বিচার করিতে। একত্র কর আমার
পুন্যবানেরদিগকে যাহারা বলিদান বন্দোবস্ত করিল
৬ আমার সহিত। স্বর্গ ও প্রকাশ করিবে
তাহার প্রকৃতার্থ কেননা ঈশ্বর আপনি বিচারকর্ত্তা।
৭ সেলা। হে আমার লোক অবধান কর আমি
কহিব হে যিশরাল শুন আমি সাক্ষী দিব তোমার
৮ বিষয়। আমি ঈশ্বর তোমার ঈশ্বরই আমি
তোমার দোষ বলিব না তোমার বলিদান ও আহুতির
৯ কারন যাহা নিত্য আমার গোচরে। আমি আজ্ঞিয়া

লইব না তোমার ঘর হইতে ও অজাপাঁঠা নহে
১০ তোমার আলয় হইতে। কেননা বনের সকল জন্তু
আমার ও সহস্র পর্ব্বত বাসী সকল চতুষ্পদ।
১১ আমি চিনি পর্ব্বতের সকল পক্ষী ও মাঠের বন
১২ পশু আমার। আমি যদি ক্ষুধিত তবু বলিব না
তোমাকে কেননা পৃথিবী ও তাহার সকল সামগ্রী
১৩ আমার। আমি কি খাইব আড়িয়ার মাংস কিম্বা
১৪ পীব ছাগলের রক্ত। স্তব উৎসর্গ দেও ঈশ্বরকে
ও কর তোমার সকল মানন সর্ব্বাধ্যক্ষের ঠাঁই।
১৫ ও বিরুদ্ধ দসায় নিবেদন. কর আমার ঠাঁই আমি
পরিত্রান করিব তোমাকে ও তুমি সম্ভ্রম করিবা
১৬ আমাকে। কিন্তু দুষ্ট লোককে ঈশ্বর কহিলেন
তোমার কি কার্য্য কহিতে আমার ব্যবস্থা ও আমার
১৭ বন্দোবস্ত মুখে লইতে কেননা শাসন ঘৃণা করিতেছ
ও ফেলিয়া দিয়াছ আমার কথা তোমার পাছে।
১৮ চোর দেখিয়া দৌড়িয়াছ তাহার সহিত ও অংশ
১৯ লইয়াছ পরদারকেরদের সহিত। কুকথা কহনেতে
২০ মুখ দিয়াছ ও তোমার জিহ্বা ফাকি করে। তুমি
বসিয়া মন্দ কথা কহিয়াছে আপনার ভাইর বিষয়
২১ ও নিন্দা করিয়াছ আপনার মাতার পুত্রকে। তুমি
এ সকল করিয়া আমি চুপ করিয়া থাকিলাম
তুমি ভাবিয়াছ যে আমি তোমার মত কিন্তু আমি
বিরুদ্ধ করিব তোমাকে ও তাহা সাজাইয়া দিবা
২২ তোমার দৃষ্টে। ইহা বুঝিও তোমরা যে ঈশ্বরকে
মনে রাখ না নতুবা চিরিয়া ফেলিব তোমার দিগকে

২৩ ও ত্রাণকর্ত্তা কেহ নহে। যে স্তব উৎসর্গ দেয়
সে সম্ভ্রম করে আমাকে ও যে২ আপনার গমন
শোধন করে তাহাকে দেখাইব ঈশ্বরের ত্রাণ।

প্রধান গায়কের প্রতি দাঊদের এক গীত যখন নাথন
ভবিষ্যত বক্তা আইল তাহার কাছে তাহার বাৎ
শেবার সহিত সংসর্গের পরে।

গীত হে ঈশ্বর তোমার দয়ানুযায়ি দয়া কর আমাকে তোমার
৫১ অনেক২ কৃপানুযায়ি মোচিয়া ফেল আমার দাইট।
২ আমার অযথার্থ ধুইয়া ফেল আমা হইতে ও পরিষ্কার
৩ কর আমাকে আমার পাতক হইতে। কেননা আমি
স্বীকার করি আমার দাইট ও আমার পাপ নিত্য আছে
৪ আমার গোচরে। তোমার বিপরিতে তোমার বিপ
রিতেই কেবল আমি পাপ করিয়াছি ও দোষ করিয়াছি
তোমার দৃষ্টে যেন তুমি কথা কহনেতে প্রকৃতার্থিক
হইতে পারিবা ও বিচারেতে পরিষ্কার হইতে পারিবা।
৫ দেখ আমি অযথার্থে নির্ম্মিত ছিলাম ও আমার
৬ মাতা পাপে গর্ব্ভে ধরিলেন আমাকে। দেখ তুমি
চাহিতেছ সত্যতা অন্তরে ও গুপ্ততে জ্ঞান বুঝাইবা
৭ আমাকে। আইজব দিয়া শুচি কর আমাকে তখন
শুচি হইব আমাকে ধুইলে আমি হইব বরফ হইতে
৮ শুক্লবর্ণ। আনন্দ ও হরিষত কথা শুনাও আমাকে
যেন যে হাড় তুমি ভাঙ্গিয়াছে তাহা উল্লাষিত হইবে।
৯ তোমার মুখ ফিরাও আমার পাপ হইতে ও মোচিয়া ফেল
১০ আমার সকল অযথার্থ। হে ঈশ্বর আমাতে নির্ম্মলা

অন্তঃকরন সৃজন কর ও শুদ্ধাত্মা পুন কর আমার
১১ মধ্যে। আমাকে দূর কর না তোমার সাক্ষাত
হইতে তোমার ধর্ম্মাত্মা ও লইও না আমা হইতে।
১২ তোমার ত্রানের আনন্দ ফের দেও আমাকে ও তোমার
১৩ মেলা আত্মাতে রক্ষা কর আমাকে। পরে আমি
পাপিলোককে তোমার পথ শিক্ষাইব পাপিলোককে
১৪ ফিরাইতে হইবে তোমারদিগে। ত্রান কর আমাকে
খুনাপরাধি হইতে হে ঈশ্বর আমার ত্রানের ঈশ্বর
আমার জিহ্বা তোমার পুরুষার্থের স্তব উচ্চস্বরে
১৫ গাইবে। হে প্রিভূ খোল আমার ওষ্ঠাধর পরে আমার
১৬ মুখ কহিবে তোমার স্তব। কেননা তুমি বলিদান ইচ্ছা
না করিতেছ নতুবা তাহা দিতাম তুমি আহুতিতে তুষ্ট
১৭ না হইয়াছ। ঈশ্বরের বলিদান ভগ্নাত্মা তুমি
হে ঈশ্বর ভাঙ্গা চূর্ন অন্তঃকরন তুচ্ছ করিবা না।
১৮ তোমার অনুগ্রহেতে চীয়নের মঙ্গল কর গাঁথ
১৯ যিরোশলমের দেয়াল। তখন অনুগ্রহন করিবা ধর্ম্ম
বলিদান ও আহুতি ও ভস্মসর্ব্ব তখন আসিয়া
আহুতি করিবে তোমার যজ্ঞকুণ্ডের উপরে।

জয়ীকে দাওদের মশক্ষিল যখন দোএগ আদোমী
আসিয়া বলিল শাঔলকে দাওদ আসিয়াছে আহি
মলখের বাটীতে।

গীত হে বিক্রান্ত কুক্রিয়া করিতেঃ দর্প কথা কেন
৫২ কহিতেছ ঈশ্বরের দয়া নিত্য আছে। তোমার
জিহ্বা দোষ জন্মাইতেছে ফাকি করিতেঃ তীক্ষ্ন

৩ ক্ষুরের মত তুমি সুক্রিয়া হইতে কুক্রিয়া ভাল
বাসিতেছ ও প্রকৃত কথা হইতে মিথ্যা কথা কহন।
৪ সেলা। হে প্রবঞ্চক জিহ্বা তুমি ভাল বাসিতেছ
৫ সকল নাশক কথা ঈশ্বর ও একান্ত নষ্ট
করিবেন তোমাকে তিনি মণ্ডিবেন তোমাকে তিনি
আঁচড়িয়া ফেলিবেন তোমাকে তোমার তাম্বু হইতে
ও ওপাড়িয়া ফেলিবেন তোমাকে জীবত লোকের দেশ
৬ হইতে। সেলা। ধাম্মিক লোক দেখিয়া ভীত হইবে ও
৭ পরিহাস করিবে তাহার ওপর। দেখ এই সে
মানুষ যে ঈশ্বকে তাহার বল মানিল না কিন্তু বিশ্বাস
করিল তাহার অনেক ধনে ও আপনার দুষ্টতায়
৮ আপনাকে বলবান করিল। কিন্তু আমি তাজা
জিতি গাছের মত আমার ঈশ্বরের মন্দিরে আমি
সদাসর্ব্বক্ষনে ভরসা করি ঈশ্বরের প্রসাদে। আমি
৯ সদাকাল স্তব করিব তোমাকে কেননা তুমি তাহা
করিয়াছ ও তোমার নামে অপেক্ষা করিব কেননা
তাহা ভাল তোমার দয়াপাত্রকেরদের সাক্ষাতে।

অয়িকে মঙ্কলতে দাঙদের মশখিল।

গীত ৫৩ অজ্ঞান যে ব্যক্তি সে অন্তঃকরনে কহিয়াছে ঈশ্বর
নহে। তাহারা নষ্ট হইল ও ঘৃনিত অযথার্থ করিয়াছে
১ কেহ থাকে না যে সুক্রিয়া করে। ঈশ্বর স্বর্গে থাকিয়া
২ দৃষ্টি করিলেন মনুষ্যের সন্তানের ওপর দেখিতে
যদি কেহ জ্ঞানবান হয় যদি কেহ চেষ্টা করে ঈশ্বরকে।
৩ সকল একত্র ওলটা পথে গিয়াছে তাহারা সমস্তে

দুর্গন্ধ কেহ সুক্রিয়া করে না বটে এক জন নহে।
৪ সকল কুকর্ত্তারদের কি কিছু জ্ঞান নহে আমার লোক
কে খাইতে২ রুটির মত তাহারা নিবেদন করে না
৫ ঈশ্বরকে। তাহারা সেখানে ভীত হইল যেখানে
কিছু ভয় নহে কেননা ঈশ্বর তাহার হাড় ছড়িয়া
ফেলাইয়াছেন যে যুদ্ধ করে তোমার সহিত। তুমি
তাহারদের লজ্জা করাইয়াছ কেননা ঈশ্বর তুচ্ছ
৬ করিয়াছেন তাহারদিগকে। আহা যদি য়িশ
রালের পরিত্রাণ সীয়ন থাকিয়া আসিত ঈশ্বর তাহার
লোকের লুট ফিরাইলে য়াকুব হইবে উল্লাষিত
য়িশরাল হরিষ।

জয়ীকে নগিনতে দাওদের জ্ঞান দেওন গীত যখন
জিফীরা আসিয়া বলিল শাওলকে দাওদ কি লুকিয়া
না থাকিতেছে আমারদের সহিত।

গীত ৫৪ ওহে ঈশ্বর তোমার নামে ত্রাণ কর আমাকে এ
তোমার বলে বিচার কর আমাকে। হে ঈশ্বর
অবধান কর আমার নিবেদন শুন আমার
৩ মুখের কথা। কেননা বিদেশী ওঠিয়াছে আমার
ওপর ও দুর্জ্জন লোক চেষ্টা করে আমার প্রাণ তাহারা
৪ ঈশ্বর গোচরে রাখে না। সেলা। দেখ
ঈশ্বর আমার ওপকারী য়িহুহা আমার প্রাণ পুতি
৫ পালকেরদের মধ্যে তিনি দুঃখ দিবেন আমার
শত্রুরদিগকে। ছেদন করিয়া ফেল তাহারদিগ
৬ কে তোমার সত্যতাতে। আমি ইচ্ছা পূর্ব্বক বলিদান

করিব তোমার ঠাঁই আমি তোমার নামের প্রশংসা
৭ করিব হে য়িহুহা কেননা তাহা ভাল । তিনি আমার
প্রাণ উদ্ধার করিয়াছেন সমস্ত দুর্গতি হইতে ও
আমার চক্ষু দৃষ্টি করিয়াছে আমার শত্রুরদের ওপর ।

জয়কে দাঊদের জ্ঞান দেওনের গীত নগিনতে ।

গীত ৫৫ হে ঈশ্বর শুন আমার নিবেদন আপনি গুপ্ত হইও
না আমার কামনা হইতে । অবধান কর ও শুন
আমার কথা আমি চিন্তা করিতেং ক্রন্দন করি ও
৩ চেঁচাই । শত্রুর রব ও পাপিরের জোরের জন্য কেননা
তাহারা অপবাদ ফেলিল আমার ওপর ও ক্রোধে
৪ আমার বিপরিত করে । অন্তরে আমার অন্তঃ
করনের জাতনা আছে মৃত্যুর ভয় পড়িল আমার
৫ উপর । শঙ্কা ও কম্প ধরিল আমাকে ও মহা ত্রাস
৬ আচ্ছাদন করিল আমাকে । তখন আমি বলিলাম
আহা যদি আমার ঘুঘুর ন্যায় পাখা হইত তবে
৭ উড়িয়া বসতি করিতাম । দেখ আমি অনেক দূর
যাইতাম আমি প্রবাস করিতাম অরন্যেতে । সেলা ।
৮ আমি বেগে পলাইতাম মহা বাতাস ও ঝড় হইতে ।
৯ হে য়িহুহা গ্রাস কর ও ভিন্নং কর তাহারদের কথা
কেননা দেখিয়াছি হিংসা ও ঝকড়া সহরে ।
১০ তাহারা দিবারাত্রি বেড়াইতেছে সহরের চতুর্দ্দিগে
ও প্রাচীরের ওপর দুষ্টতা ও দৌরাত্ম্যতা তাহার
১১ মধ্যে । দুর্ম্মতি তাহার মধ্যে ফাকি ও ভ্রূকুটি তাহার
১২ গলি ছাড়িয়া যায় না সে জন শত্রু নহে যে লজ্জা

দিল আমাকে তাহা হইলে সহিতাম ও যে ঘৃনা
করিল আমাকে সে নহে যে আমার ওপর দর্পী ছিল
১৩ তাহা হইলে লুকিয়া রহিতাম। কিন্তু তাহা তুমি
আমার তুল্য এক জন আমার গুরু ও আমার স্নেহী।
১৪ আমরা নিভৃতে মধু কথা কহিলাম ও অনেক লোকের
১৫ সহিত একত্র ঈশ্বরের মন্দিরে চলিলাম। মৃত্যু
ধরুক তাহারদিগকে তাহারা জীবৎ নামক নরকে
কেননা হিংসা আছে তাহারদের গৃহে ও তাহারদের
১৬ মধ্যে। আমি নিবেদন করিব ঈশ্বরের কাছে
১৭ ও যিহুহা ত্রান করিবেন আমাকে। সন্ধ্যা ও প্রাত
ও মধ্যাহ্নে আমি কামনা করিব ও চেঁচাইব ও তিনি
১৮ শুনিবেন আমার কথা। তিনি কুশলে মুক্ত করিলেন
আমার আত্মা সে রন হইতে যাহা আমার বিপরিতে
১৯ কেননা তাহারা ছিল অনেক আমার সহিত। প্রভু
শুনিবেন ও দুঃখ দিবেন তাহারদিগকে তিনিই যিনি
পূর্ব্বে বর্ত্তমান ছিলেন। সেলা। কেননা তাহারদের
ওলটপালট নহে তেকারন তাহারা ঈশ্বরকে ভয় করে
২০ না। সে হাত দিয়াছে তাহার সহায় লোকের ওপর
২১ আপনার বন্দোবস্ত লঙ্ঘিয়াছে। তাহার মুখের কথা
মাখন হইতে কোমল কিন্তু অন্তঃকরনে যুদ্ধ তাহার
কথা তৈল হইতে নরম কিন্তু লেঙ্গা তরোয়ার।
২২ তোমার গতি ফেল যিহুহার ওপর ও তিনি প্রতিপালন
করবেন তোমাকে তিনি যথার্থিক লোকেরদিগকে
২৩ লড়িতে দিবেন না। হে ঈশ্বর তুমি নামাইবা
তাহারদিগকে খাদেতে দুর্জ্জন ও প্রতারক লোক

৫৫ পঞ্চপঞ্চাশত্তীয় গীত ।

অর্দ্ধেক আয়ু পাইবে না কিন্তু আমি বিশ্বাস করিব
তোমাতে ।

জয়ীকে মিথতাম দাওদের গীত দূর গামী গোপ্য
ঘুঘুর বিষয় যখন পলশতীরা তাহাকে গাতে বদ্ধ
করিয়াছিল ।

গীত ৫৬ হে ঈশ্বর দয়া কর আমাকে কেননা মানুষ
আমাকে খাইয়া ফেলিতে চাহে সে সমস্ত দিনে রণ
২ করিতে২ জোর করে আমার ওপর । আমার শত্রু
সমস্ত দিন খাইয়া ফেলিতে চাহে আমাকে কেননা হে
৩ সর্ব্বোবিক্ষ অনেকে যুদ্ধ করে আমার সহিত । যখন
ভয় লাগে আমাকে তখন বিশ্বাস করিব তোমাতে ।
৪ ঈশ্বরে স্তব করিব তাহার বাক্য ঈশ্বরে বিশ্বাস
করিব আমি ভয় করিব না মানুষ কি করিতে পারে
৫ আমাকে । তাহারা সমস্ত দিনে আমার কথা
ফিরায় তাহারদের সকল চিন্তা আমার হিং-সা
৬ করনার্থে । তাহারা একত্র যায় তাহারা গুপ্তে থাকে
যাহারা আমার পদের দাগ ঠেকানা করে তাহারা
৭ আমার প্রাণ চাহে । তাহারা কি পাপ করিতে২
বাঁচিবে হে ঈশ্বর লোককে ক্রোধে নিচে করাও ।
৮ তুমি গণন করিতেছ আমার ভ্রমণ আমার চক্ষুর জল
তোমার পাত্রে থুও তাহা কি তোমার পুস্তিতে নহে ।
৯ আমি যখন নিবেদন করি তখন আমার শত্রুরদিগকে
ফিরাইতে হইবে ইহা জানি কেননা ঈশ্বর আমার

১০ সহায়। ঈশ্বরে স্তব করিব তাহার বাক্য ঈশ্বরে
১১ স্তব করিব তাহার বাক্য। ঈশ্বরে বিশ্বাস করিব
আমি ভয় করিব না মানুষ কি করিতে পারে
১২ আমাকে। হে ঈশ্বর তোমার মানন আমার ওপর
১৩ আমি স্তব করিব তোমাকে। কেননা আমার প্রান
মৃত্য হইতে রক্ষা করিয়াছ আমার পা পতন হইতে
রক্ষা করিবা না যেন চলিতে পারিব তোমার গোচরে
জীবত লোকের দীপ্তিতে।

অধীকে নষ্ট করিও না দাওদের মখতাম যখন
শাওলের সন্মুখ হইতে পালাইয়া গহ্বরে গেল।

গীত ৫৭ হে ঈশ্বর দয়া কর আমাকে দয়া কর আমাকে
কেননা আমার প্রানের ভরসা তোমাতে ও তোমার
পাখার ছায়ার ভরসা পায় এ সকল দুঃখ বহা যাওন
২ পর্য্যন্ত। আমি ঈশ্বর সর্ব্বোর্দ্ধকে ডাকিব প্রভুকে
৩ যিনি সকল করেন আমার কারন। তিনি স্বর্গ
হইতে পাঠইয়া ত্রান করিবেন আমাকে তাহার ঈষৎ
এন হইতে যে খাইয়া ফেলিতে চাহে আমাকে। সেলা।
৪ ঈশ্বর পাঠাইবেন তাহার দয়া ও সত্যতা। আমার
প্রান সিংহের মধ্যস্থলে আমি শুই প্রজ্বলিত মনুষ্যের
দের মধ্যে মনুষ্যের সন্তানই যাহারদের দন্ত বর্শি ও
৫ বান ও তাহারদের জিহ্বা তীক্ষ্ন তরোয়ার। হে ঈশ্বর
আপনি স্থিত হও স্বর্গের ওপর তোমার তেজ সকল
৬ পৃথিবীর ওপর। তাহারা জাল পাতিয়াছে আমার পদে
আমার প্রান হেঁট হইয়াছে। তাহারা খাঁদ করিয়াছে

আমার আগে তাহারা আপনারা পড়িয়াছে তাহার
মধ্যে। সেলা। হে ঈশ্বর আমার মন প্রস্তুত আছে
আমার মন প্রস্তুত আছে আমি গীত ও স্তব গাইব।
৮ হে আমার তেজ জাগিত হও জাগিত হও নবল ও
৯ বীন আমি বড় ভোরে জাগিব। হে যিহুহা লোকের
দের মধ্যে তোমার প্রশংসা করিব আমি গীত গাইব
১০ বর্নেরদের মধ্যে কেননা তোমার কৃপা স্বর্গ পর্যান্ত
১১ বড় তোমার সত্যতা আকাশ পর্যান্ত। আপনি স্বর্গের
ওপর ওথান হও আপনার তেজ ওঠাও সকল
পৃথিবীর ওপর।

জয়ীকে নষ্ট করিও না দাওদের মধ্যতায়

গীত ৫৮ হে সভাস্থেরা তোমরা কি নিতান্ত প্রকৃত কথা কহি
তেছ হে মানুষের সন্তান তোমরা কি নিশ্চয় প্রকৃত
২ বিচার করিতেছ। তোমরা অবশ্য অন্তঃকরনে কুক্রিয়া
করিতেছ তোমরা পৃথিবীতে প্রকাশিতেছ আপনারদের
৩ হাতের কুক্রিয়া। পাপর লোক গর্ভস্থ হওন অবধি
কাপরুষ হইল তাহারা ওদরস্থ হওন অবধি মিথ্যা
৪ কথা কহিতেহ ভুলে। তাহারদের গরল সর্পের
গরলের মত তাহারা কর্ন মুন্দে বধির আছে সর্পের
৫ মত যে মন্ত্রীর কথা শুনে না যদি মহা পণ্ডিত মন্ত্র বলে।
৬ ঈশ্বর ভাঙ্গিয়া ফেলিবেন তাহারদের দন্ত তাহারদের
মুখে যিহুহা নষ্ট করিবেন সিংহের বাচ্চার চর্বনীয়
৭ দন্তগুলা। তাহারা জলের মত ব্যায় হইবে তিনি
বান ছাড়িবেন তাহারদিগকে কাটিয়া নাশন পর্যান্ত
৮ সে গলিয়া যাবে সামুকের মত যেমত স্ত্রী লোকের

গর্ব্ভ পাত তেমন সূর্য্য দেখিতে দিবেন না তাহারদিগকে
৯ তোমারদের হাঁড়ি স্যাকুলের তাপ বুঝনের পূর্ব্বে
যাবত বাঁচে তাবত ঝড়ে লইয়া যাবে তাহারদিগকে।
১০ ধার্ম্মিক লোক সে দায়া দেখিলে আনন্দ করিবে
১১ তাহারা পা ধুইবে পাপিরের রক্তেতে। যেন মানুষেরা
বলিবে অবশ্য ধার্ম্মিকের ফলোদয় আছে অবশ্য
ঈশ্বর আছেন যিনি পৃথিবীতে বিচার করিতেছেন।—

অগ্নীকে নষ্ট করিও না দাঙদের মথতাম যখন
শাওল লোক পাঠাইলে তাহারা বাটী বেড়িল বধ
করিতে তাহাকে।—

গীত ৫৯
হে আমার ঈশ্বর মুক্ত কর আমাকে আমার শত্রু
গন হইতে রক্ষা কর আমাকে তাহারদিগ হইতে
২ যাহারা আমার বিপরিতে করে। ত্রান কর আমাকে
কুকর্ত্তাগন হইতে রক্ষা কর আমাকে খুনি লোক
৩ হইতে। দেখ তাহারা আমার প্রান ধরিতে লুকিয়া
থাকে বলবান লোকেরা সভা আছে আমার বিপরিতে
৪ হে যিহুহা। তাহারা দৌড়িয়া ওদ্যত হয় আমার দোষ
৫ বিনা চৈতন্য হও আমার ওপকারার্থে ও দেখ। তুমি
হে যিহুহা সেনার ঈশ্বর যিশরালের ঈশ্বর চৈতন্য
হও দেবপূজকেরদিগকে সাজা দিতে কুকর্ত্তারদের
৬ অধর্ম্ম দয়া করিও না। সেলা। তাহারা সন্ধ্যা কালে
৭ ফিরেও কুকুরের মত শব্দ করে ও সহরে বেড়ায়। তাহারা
ঢেকুর ছাড়ে তাহারদের মুখে তাহারদের ওষ্ঠাধরে
৮ তরোয়ার আছে কেননা কেডা শুনিবে। হে যিহুহা তুমি

## ৫৯ ওনষষ্ঠীয় গীত।

তুচ্ছ করিবা তাঁহারদিগকে তুমি পরিহাস করিবা সকল
৯ দেবপূজকেরদিগকে। তাহার বলের জন্যে অপেক্ষা
করিব তাহার কারন কেননা ঈশ্বর আমার রক্ষক।
১০ আমার অনুগ্রহের ঈশ্বর হইবেন আমার পালক
ঈশ্বর দৃষ্টি করাইবেন আমাকে আমার শত্রুর উপর।
১১ বধ করিও না তাহারদিগকে নতুবা আমার লোক
বিস্মৃত্তি হয় তোমার বলে ছিন্ন ভিন্ন কর তাহারদিগকে
ও নিচে করাও তাহারদিগকে হে ঈশ্বর আমারদের
১২ ঢাল। তাহারদের নিজ মুখের পাপ ও নিজ ওষ্ঠা
ধরের কথা আপনারদের অহঙ্কারে ধরা থাকুক
এবং তাহারদের শাপ ও মিথ্যা কহনের কারনে।
১৩ তোমার ক্রোধে সংহার কর সংহার কর তাহারদিগ
কে যেন হইবে না ও যেন তাহারা জানিতে পারে যে
যিহুহা কর্তৃত্ব করেন যাঁকুবের মধ্যে পৃথিবীর আদ্যান্ত
১৪ পর্য্যন্ত। সেলা। পরে সন্ধ্যায় ফিরুক ও কুক্কুরের মত
১৫ শব্দ করুক ও সহরের চারিদিগে থাকুক। তাহারা
খাদ্যার্থে বেড়াইতেং থাকুক এবং যদি পরিতোষ নহে
১৬ তবে কচং করুক কিন্তু আমি গাইব তোমার পরা
ক্রমের কথা প্রাতে আমি উচ্চস্বরে গাইব তোমার দয়া
কেননা তুমি আমার রক্ষক ও আশ্রয় আমার বিদস্না
১৭ দিনে। হে আমার বল আমি গাইব তোমার প্রতি
কেননা ঈশ্বর আমার দয়ালু ঈশ্বরই আমার রক্ষক
আছেন।

## ৬০ ষষ্ঠীয় গীত।

জয়ীকে দাঊদের মখ্যতাম জ্ঞান দেওনার্থে সাক্ষী
সৌসনের বিষয় যখন যুদ্ধ করিলেন আরাম নাহ
রীম ও আরাম জোবার সহিৎ যখন যোয়াব ফিরিল
এবং মারিয়া ফেলিল বারো হাজার আদোমীর
দিগকে লবন মাটে।

গীত হে ঈশ্বর তুমি দূর দিয়াছ তুমি ছড়াইয়াছ তুমি
৬০ ক্রোধিত হইয়াছ পুনর্ব্বার ফির আমারদের কাছে।
২ তুমি পৃথিবীকে কম্পাইয়াছ তুমি তাহ ভাঙ্গিয়া ফেলি
য়াছ সুস্থ কর তাহার ভঙ্গুন কেননা তাহা নড়ে।
৩ কঠিন কার্য্য আপনার লোককে দেখাইয়াছ তুমি
চমৎকার দ্রাক্ষা রস পান করাইয়াছ আমারদিগকে।
৪ তুমি ধ্বজ দিয়াছ তাহারদিগকে যে ভয় করে তোমার
নাম তাহা খাড়া করনের জন্য সত্যতারার্থে। সেলা।
৫ তোমার প্রিয়েরা ত্রান পাওনের কারন তোমার দক্ষিন
৬ হাত দিয়া রক্ষা কর এবং শুন আমাকে। ঈশ্বর
কহিয়াছেন আপনার ধর্ম্মে আমি আনন্দ করিব
আমি ভিন্ন২ করিব শখমকে আমি মাপিব সুখোত
৭ মাটে। গিলওদ আমার এবং মনশা আমার
আফ্রিম আমার মস্তকের বল যিহোদা আমার
৮ ব্যবস্থাকর্ত্তা। মোয়াব আমার ধুয়া করনের হাঁড়ি
আদোমের উপর আমার জুতা ফেলিব পলশতিহে
৯ জয়২ কার শব্দ কর আমার বিষয়। কেডা আনিবে
আমাকে মজবুত সহরে কেডা আনিবে আমাকে
আদোমে। হে ঈশ্বর যে দূর করিয়াছ আমারদিগকে
১০ তুমি তাহা করিবা না হে ঈশ্বর যে আমারদের

সেনাগনের সহিৎ না গিয়াছ তুমি তাহা করিবা না।
১১ ওপকার কর দুঃস্থ হইতে কেননা মানুষের ওপকার
১২ মিথ্যা। ঈশ্বরে বলবান করিব কেননা তিনি দলাইয়া
ফেলিবেন আমারদের শত্রুগনকে।—

দাঔদের গীত নগানার ওপর জয়ীকে।—

গীত হে ঈশ্বর শুন আমার চেঁচান অবধান কর
৬১ আমার নিবেদন। পৃথিবীর অন্ত থাকিয়া আমি
ডাকিব তোমাকে আমার অন্তঃকরন দুর্ব্বল হইলে
পথ দেখাও আমাকে সে পর্ব্বতে যাহা আমা হইতে
৩ ওচ্চ কেননা তুমি ছিলা আমার আশ্রয় এবং শক্তি
৪ গড় আমার শত্রুরদের গোচরে। আমি সদাকাল
বাস করিব তোমার পবিত্র স্থানে তোমার পাখার ছায়ায়
৫ আমার ভরসা। সেলা। কেননা হে যিহূহা তুমি
শুনিয়াছ আমার মানন তুমি অধিকার দিয়াছ তাহার
৬ দিগকে যাহারা ভয় করে তোমার নাম। রাজাকে
দীর্ঘ পরমায়ু দিবা তাহার বৎসর হবে সর্ব্ব পুরুষের
৭ কালের মত তিনি সদাকাল থাকিবেন ঈশ্বরের
গোচরে ক্ষমা ও সত্যতা পুস্তুত কর তাহাকে রক্ষা
৮ করিবার জন্য। তেকারনে আমি নিত্য স্তব গাইব
তোমার নামে দিনবদিন আমি করিব আমার মানন।

যিদোতনের কারন দাঔদের এক গীত জয়ীকে।

গীত অবশ্য আমার মন চুপ করিয়া থাকে ঈশ্বরের
৬২ কারন আমার নিস্তার তাহা হইতে। অবশ্য তিনি

আমার পর্ব্বত এবং আমার নিস্তার আমার রক্ষক
৩ আমি বহু লড়িব না। কতকাল মানুষের হিংসা
৪ করিবা তোমরা তোমারদিগকে মারিয়া ফেলিতে হইবে
যেমন ব্যাকা দেয়াল এবং ভাঙ্গা বেড়। তাহারা অবশ্য
পরামর্শ করে তাহাকে আপনার মহত্বতা হইতে
ফেলিয়া দিতে তাহারা মিথ্যা কথা কহিতে চাহে
তাহারা মুখে বর দেয় কিন্তু অন্তরে শাপ। সেলা।
৫ হে আমার মন কেবল ঈশ্বরের জন্যে অপেক্ষা
৬ কর কেননা তাহায় আমার ভরসা। তিনি অবশ্য
আমার পর্ব্বত এবং আমার নিস্তার আমার রক্ষক
৭ আমি লড়িব না। আমার ত্রাণ ও আমার সম্ভ্রম
ঈশ্বরে তিনি আমার বলের গিরি আমার ভরসা ও
৮ ঈশ্বরে। হে লোকেরা সর্ব্বকালে ভরসা কর তাহায়
তাহার গোচরে ঢাল তোমারদের অন্তঃকরণ কেননা
৯ ঈশ্বর আমারদের ভরসা। সেলা। অবশ্য ইতর
লোক কিছু নহে ও মহৎ লোক মিথ্যা তাহারা দাড়িতে
১০ থুইলে সকলে একত্র নির্ভার। জোরে ভরসা করিও
না ও চুরি করিতে নির্ভয় হইও না ধন বৃদ্ধ
১১ হইলে তাহাতে অন্তঃকরণ দিও না। ঈশ্বর এক
বার কহিয়াছেন বটে দুই বার আমি ইহা শুনিয়াছি
১২ যে পরাক্রম ঈশ্বরের। তোমার ও আছে দয়া
হে মিহহা কেননা তুমি ফের দিতেছ প্রতি মানুষকে
তাহার কর্ম্মানুযায়ি।—

## ৬৩ খ্রিষ্টীয় গীত ।—

দাঁঊদের এক গীত যখন ছিলেন য়িহোদা দেশের
অরন্যে ।—

গীত হে ঈশ্বর তুমি আমার প্রভু আমি ভোরে চেষ্টা
৬৩ করিব তোমাকে আমারমন তৃষ্ণিত আছে তোমার
কারন আমার শরীর ইচ্ছা করে তোমাকে শুষ্ক ও
২ স্খলিত ও নির্জল দেশে যেমন ধর্ম্ম স্থানে দেখি
য়াছি তেমন তোমার শক্তি ও তোমার সম্ভ্রম দেখিতে ।
৩ কেননা তোমার কৃপা জীবন হইতে বড় আমার
৪ ওষ্ঠাধর ও তোমার স্তুতি করিবে । সে মত আমার
পুরমায়ু যাবৎ থাকে তাবৎ আমি কহিব তোমাকে
৫ ধন্য । তোমার নামে আমি হাত তুলিব । আমার
মন পরিতোষ হইবে যেন দৃত ও চরবি ভক্ষনে । ও
আমার মুখ উল্লাষযুক্ত ওষ্ঠাধরে তোমার স্তব
৬ করিবে । যখন তুমি আমার মনস্থ হইতেজ শয্যার
উপর আমি মনেং করি তোমার বিষয় রাত্র প্রহারে
৭ কেননা তুমি ছিলা আমার উপকারি অতএব তোমার
পাখার ছায়ায় আনন্দ করিব আমার মন লাগিয়া
৮ থাকে তোমার কাছে তোমার দক্ষিন হাত রক্ষা
৯ করিতেছে আমাকে । যাহারা আমার প্রান নষ্ট
করিতে চেষ্টা করে তাহারা যাইবে পৃথিবীর নিচ
১০ স্থানে । তাহারা পড়িবে তলোয়ারের কোপে তাহারা
১১ হইবে শেয়ালের অধিকার কিন্তু রাজা আনন্দিৎ
হইবে ঈশ্বরে যাহারা কিরা করে তাহার নাম লইয়া
তাহারা সকল উল্লাষিত হইবে কিন্তু তিনি বন্ধ
করিয়াছেন মিথ্যা বক্তারদের মুখ ।—

## ৬৪ চতুর্ষষ্ঠীয় গীত।

### জয়ীকে দাঙদের এক গীত।

গীত ৬৪ হে ঈশ্বর আমার আরাধিনে শুন আমার কথা
আমার প্রান রক্ষ কর শত্রুর ভয় হইতে। গুপ্ত রাখ
আমাকে পামার লোকের নিভৃতি পরামর্শ ও অযথা
৩ র্থিক লোকের কলরব হইতে যাহারা আপনার জিহ্ব
তীক্ষ্ন করে তলোয়ারের মত তাহারা বান এড়ে
৪ তাহাই তিক্ত কথা। গুপ্ত করিয়া সাধুকে মারনার্থে
তাহারা আচম্বিত মারে তাহাকে ও ভয় করে না।
৫ তাহারা মন্দ ক্রিয়া করনেতে আপনারদের আশ্বাস
করে। তাহারা ফাঁদ থুওন কথা কহে তাহারা বলি
৬ তেছে কেডা দেখিবে তাহারদিগকে। তাহারা অযথার্থ
চেষ্টা করে তাহারা একান্ত চেষ্টা করে প্রতি মনুষের
৭ অন্তর ও মন অতি গভীর। ঈশ্বর ও বান এড়িয়া
সত্বর মারিবেন তাহারদিগকে তাহারা মারা পড়িবে
৮ তাহারা ও আপনারদের জিহ্বের কথা লাগাইবে
আপনারদের ওপর যাহারা দেখে তাহারদিগকে
৯ তাহারা সকল দূরে যাইবে। ও সকল লোক ভয়
করিবে ও ঈশ্বরের কর্ম্ম বলিবে কেননা তাহারা
১০ বুঝিবে তাহার কার্য্য। পুণ্যার্থিক আনন্দিৎ হইবে
যিহ্‌হায় ও ভরসা পাইবে তাহায় সকল সাদ্ধান্তঃ
করনীয়েরা উল্লাসিৎ হইবে।

### দাঙদের এক গীত গান করনার্থে জয়ীকে।

গীত ৬৫ হে ঈশ্বর স্তব নিরব হইয়া থাকে জীয়নে তোমার
কারন এবং মানন প্রত্যক্ষ করিতে হইবে তোমার
২ স্থানে হে নিবেদানশ্রোতা তোমার নিকট সকল প্রান

৩ আসিবে। কুকথা জয় করে আমাকে তুমি কৃপা
৪ করিয়া মোচিবা আমারদের ঘাইট। ধন্য সে জন
যাহাকে তুমি পসন্দ করিয়া আপনার নিকট করাই
য়াছ সে বাস করিবে তোমার ওঠানে। আমরা তোমার
মন্দির তাহাই তোমার মন্দিরের ওত্তম পাইয়া পরি
৫ তোষ হইব। হে আমারদের ত্রানের ঈশ্বর ধর্ম্মের অতি
সঙ্কনীয় করনেতে তুমি ওত্তর দিবা আমারদিগকে
তুমি পৃথিবীর অন্তের ভরসা এবং তাহারদের ও যে
৬ বড় দূরে সমুদ্রে থাকে। তিনি পরাক্রম বন্ধে
বন্ধিত হইয়া আপনার বলে পর্ব্বত স্থির কইরারতে
৭ জেন। তিনি সমুদ্রের শব্দ নিরব করান ঢেওের
৮. শব্দ ও লোকের হুড়াহুড়ি। এবং পৃথিবীর সীমান্তে
যে প্রজাগন তাহারা তোমার আশ্চর্য্য দেখিয়া ভয়
করিবে তুমি প্রাত ও সন্ধ্যের গমন আনন্দিত করাই
৯ তেছ। তুমি পৃথিবীতে অনুগ্রহ করিয়া জল পরি
তোষ করিয়াছ তুমি তাহা বড় ফলবান করাইয়াছ
ঈশ্বরের জলপূর্ন নদী দিয়া তুমি এমন তাহা
১০ জোগাইলে জোগাইতেছ তাহারদের শস্য। তাহার
দাড়া পূর্ন হইলে ঢেলা ভাঙ্গিতেছ তুমি বৃষ্টিতে
তাহা গলাইতেছ তাহার তৃন বাড়ন বর দিয়াছ।
১১ আপনার দান দিয়া বৎসরের মুকুট দিতেছ তোমার
১২ গমন পাড়ে ওত্তম বস্তু। তাহা পড়ে বনের মাঠে
১৩ ও চতুর্দ্দিগের গিরিগন ওল্লাসিত হইবে। ক্ষেত্র
মেষ পূর্ন হইবে মাট ও শস্যাচ্ছাদিত হইয়াছে।
তাহারা চেঁচায় তাহারা গীত গায়।—

একটা গীত অগ্রীকে গানার্থে।—

গীত ৬৬ হে সকল পৃথিবীস্থ ঈশ্বরের স্তব কর তাহার
নামের সম্ভ্রম গানে প্রকাশ কর তাহার স্তব
৩ ভারি কর। ঈশ্বরকে বল তুমি আপনার
কার্য্যে কেমন ভয়ঙ্কর তোমার অতি মহত্বতায়
৪ তোমার শত্রুগন তোমার বশীভুত হইবে। সমস্ত
পৃথিবী প্রনাম করিবে তোমার নিকটে ও
গীত গাইবে তোমার প্রতি তাহারা গান করিবে
৫ তোমার নামে। সেলা। আইস দেখ ঈশ্বরের
ক্রিয়া তিনি তাহার ক্রিয়াতে ভয়ঙ্কর মানুষের
৬ সন্তানেরদিগে। তিনি সমুদ্র শুষ্ক ভুমিতে করেন
তাহারা পাদব্রজ বর্ন্য দিয়া গেল আমারা সেখানে
৭ তাহা দেখিয়া আনন্দিত ছিলাম।— তিনি আপনার
পরাক্রমে সদাকাল রাজ্য করেন তাহার চক্ষু দৃষ্টি
করে বর্ণ্যগনের উপর যেন দুষ্কৃতিরা আত্মা [illegible] না
৮ হয়। সেলা। হে লোকেরা জয় কর তামার
৯ দের ঈশ্বরকে তাহার স্তবের কথা শুনাও। তিনি
আমারদের প্রান বাঁচান এবং আমারদের
১০ পা পিছলে পড়িতে দেন নাই। ওহে ঈশ্বর তুমি
আমারদের পরিক্ষা লইয়াছ তুমি কসিয়াছ
১১ আমারদিগেকে যেমন রুপা। তুমি জালে আনি
য়াছ আমারদিগেকে তুমি অবসন্ন করিয়াছ
১২ আমারদের কমর। তুমি মানুষকে আরোহন
করাইয়াছ আমারদের মাথায়। আমরা গিয়াছি

আগুন ও জল দিয়া পরে তুমি বাহির করিয়াছ
১৩ আমারদিগকে বৈনজ স্থানে । আমি আহুতি লইয়া
প্রবেশ করিব তোমার ঘরে তোমার সদনে
১৪ আমার সে মানন করিব যাহা আমার ওষ্ঠাধর
কহিয়াছে ও আমার মুখ বলিয়াছে বিসম দুঃখের
১৫ কালে । আমি চরবিযুক্ত আহুতি করিব তোমার
স্থানে মেষের সুগন্ধ সহিত আমি গরু ও ছাগল
১৬ উৎসর্গ করিব । সেলা । তোমরা যে ভয় কর
ঈশ্বরকে সকলে আইস ও শুন আমি বলিব তিনি কি
১৭ করিয়াছেন আমার প্রাণার্থে । আমি আমার
মুখ দিয়া ডেকাইলাম ও আমার জিহ্বাতে তাহার নাম
১৮ করিলাম । যদি অযথার্থ আদর করি আমার
অন্তঃকরণে তবে যিহুহা শুনিবন না আমার কথা ।
১৯ অবশ্য ঈশ্বর শুনিলেন তিনি অবধান করিলেন
২০ আমার নিবেদনের কথা । জয় ঈশ্বরকে যিনি
ফিরাইলেন না আমার নিবেদন কিম্বা তাহার কৃপা
আমা হইতে ।—

জয়ীকে নগিনতে এক গীত গানার্থে ।—

গীত ৬৭ ঈশ্বর অনুগ্রহ করুন আমারদের ওপর এবং বর
দেঁওন আমারদিগকে এবং তাহার মুখ প্রসন্ন করুন
২ আমারদের ওপর । সেলা । তোমার পথ জানাইবার
জন্য পৃথিবীতে তোমার ত্রাণ ও সকল বর্ণেরদের মধ্যে ।
৩ হে ঈশ্বর লোক তোমার স্থানে স্বীকার করুক সকল

৪ লোক স্বীকার করুক তোমার স্থানে। বর্ণেরা আন
ন্দিত ও উল্লাষেতে গান করুক কেননা তুমি প্রকৃত
বিচার করিবা ও কর্ত্তৃত্ব করিবা পৃথিবীর বর্ণগণকে।
৫ সেলা। হে ঈশ্বর লোক তোমার স্থানে প্রশংসা
৬ করুক সকল লোক প্রশংসা করুক। পৃথিবী
ফল উৎপন্ন করিবে ঈশ্বর আমারদের ঈশ্বর ও বর
৭ দিবেন আমারদিগকে। ঈশ্বর বর দিবেন আমার
দিগকে ও পৃথিবীর সকল সীমাস্থ স্তব করিবে
তাঁহাকে।—

আয়ীকে দাঊদের এক গীত গানার্থে।—

গীত ঈশ্বর উঠুন তাঁহার শত্রুর ছিন্ন ভিন্ন হউক
৬৮ যাহারা ঘৃণা করে তাঁহাকে তাহারা পালাউক
২ তাঁহার সন্মুখ হইতে। যেমন ধুঁয়া বাতাসে
উড়ে তেমন তাহারদিগকে খেদাইয়া দেও যেমন
মোম অগ্নিতে গলিয়া যায় তেমন কাপকযেরদের
৩ সংহার হউক ঈশ্বরের সন্মুখ হইতে কিন্তু ধার্ম্মিক
লোক হরিষ হউক। তাঁহারা হৃষ্ট হউক ঈশ্বরের
গোচরে তাহারা উল্লাষিত হইয়া আনন্দ করুক।
৪ গীত গাও ঈশ্বরের নিকটে তাঁহার নামের স্তব
গাও। সর্ব্বোর্দ্ধাকাশের প্রশংসা কর তাঁহার
য়িহা নাম লইয়া তাঁহার গোচরে ও আনন্দিত
৫ হও। ঈশ্বর আপনার ধর্ম্ম স্থানে আছেন পিতা
হীনের পিতা ও বিধবার বিচারকর্ত্তা ঈশ্বর অনাথের
৬ দিগকে গৃহে বাস করান। জিঞ্জির বন্দিতেরদিগকে

তিনি মুক্ত করেন কিন্তু খন্ডুতিরদিগকে বাস
৭ করান শুষ্ক ভূমিতে। হে ঈশ্বর যখন আপনি
গিয়াছেন তোমার লোকের আগেং যখন কাননে
৮ গিয়াছেন। সেলা। পৃথিবী কাম্পিল স্বর্গ চুইয়া বর্শা
ইল ঈশ্বরের গোচরে এই সীনী ও ঈশ্বরের সাক্ষাতে
৯ তিনি য়িশরালের ঈশ্বর। হে ঈশ্বর তুমি উত্তম
বৃষ্টি বর্শাইয়াছ তোমার অধিকারের ওপর ও তাহা
১০ ক্লান্ত হইলে বল দিয়াছ তোমার মণ্ডলি যেন সেখানে
বাস করিবে। হেঈশ্বর তোমার দয়াতে জোগাইয়াছ
১১ গরিবের কারন। য়িহুহা কথা দিলেন অনেকে
১২ তাহা প্রকাশ করিল। সেনাপতি পলাইল পলাইল
১৩ ও যে জন ঘরে রহিল সে লূট বাঁট করিল। যদি
শুইয়াছ চুলার তপ্রাশি হবা ঘুঘুর পাখনির মত রূপা
আচ্ছাদিত ও তাহার পাখা হরিদ্র বর্ন সোনার
১৪ ন্যায়। সর্ব্বশক্তি তাহার মধ্যে রাজাগনকে খেদাইয়া
দিতেং তাহা শ্বেতবর্ন হইল যেমন জলমার বরফ।
১৫ ঈশ্বরের পর্ব্বত বশন পর্ব্বতের মত ওচ্চপর্ব্বত যেমন
১৬ বশন পর্ব্বত। ওচ্চ পর্ব্বতরে কেন দ্বেষ করিতেং দৃষ্টি
করিতেছ ঈশ্বর ইচ্ছা করিয়াছেন বাস করিতে এ
পর্ব্বতে য়িহুহা ও তাহাতে সদাকাল বাস করিবেন।
১৭ ঈশ্বরের রথ কোটিং তাহাই সহস্রং দূত ভগবান
তাহারদের মধ্যে যেমন সীনী ধর্ম্মস্থানে। তুমি ঊর্দ্ধ
১৮ গমন করিয়াছ তুমি লুট লইয়া গিয়াছ তুমি দান
লইয়াছ মানুষের জন্য বটে খন্ডুতি লোকেরদের
জন্য ও ভগবান ঈশ্বর তাহারদের মধ্যে বাস করনের

১৯ কারন। ধন্য ভগবান যিনি দিনং আমারদের অনুগ্রহ
ভার দিতেছেন আমাদের ত্রানের ঈশ্বরই। সেলা।
২০ আমারদের প্রভু তারকপ্রভু মৃত্যু ছাড়ান ওপায় য়িহহা
২১ ভগবানের। অবশ্য ঈশ্বর বিন্দিয়া ফেলিবেন তাহার
শত্রুর দের মাথা ও তাহার চুলযুক্ত চর্ম যে কুক্রিয়া করি
২২ তেছে। য়িহহা বলিলেন আমি ফিরাইব বশন হইতে
২৩ আমি ফিরাইব যেমন সমুদ্রের গভীর স্থান হইতে। যেন
তুমি পা ডুবাইতে পারিব শত্রু রক্ততে ও যেন তোমার
কুকুরের জিহ্বা রক্তবর্ন হইবে তাহাতে। তাহারা দেখি
২৪ য়াছে তোমার গমন। আমার ঈশ্বর আমার রাজা
২৫ তোমার গমন পবিত্র স্থানে। প্রথমে গায়ক তার পর
২৬ বাদক মধ্যেখানে বীন বাদক কন্যাগন। ঈশ্বরের
স্তব কর মণ্ডলিতে ভগবানের স্তুতি য়িস্রায়েলের গুনই
২৭ হইতে সেখানে ছোট বেনিয়মন তাহারদের কর্ত্তা
য়িহুদার অধ্যক্ষ তাহার সভা জবুলন ও নপ্তলীর
২৮ অধ্যক্ষেরা। তোমার ঈশ্বর আজ্ঞা দিয়াছেন তোমার
বল হে ঈশ্বর যাহা করিয়াছ আমার কারন তাহা
স্থির কর। তোমার যিরোশলমে মস্তিকের কারন
২৯ রাজাগন নজর দিবে তোমাকে। নলের বন জন্তুর
দিগকে ধমকাও ও অনেকং আড়িয়ারদিগকে লোকের
কপাস্ফীত বাছুরের সহিত চড়িয়া ফেলাও তাহার
৩০ দিগকে যাহারা রন করিতে চাহে। মহত্ত রাজা
গন আসিবে মিজর হইতে ঘশ দেশ বাহিরাইবে
৩১ তাহার হাত ঈশ্বরেরদিগে। পৃথিবীর রাজ্যসমূ
গীত গাও ঈশ্বরের ঠাঁই স্তব গান কর য়িহহার স্থানে।

৩৩ সেলা। তাহার স্থানে যিনি পূর্ব্বস্থ স্বর্গের স্বর্গা
রোহন করেন দেখ তিনি রব স্ফুরেন তাহাই
৩৪ মহা রব। পরাক্রম প্রশংসা দেও ঈশ্বরকে তাহার
মহত্ব য়িশরালের ওপর তাঁহার পরাক্রম মেঘে।
৩৫ হে ঈশ্বর তুমি ভয়ঙ্কার তোমার ধর্ম্মস্থান হইতে।
তিনি য়িশরালের ঈশ্বর যিনি দিতেছেন পরাক্রম ও
বল তাহার লোককে। ধন্য ঈশ্বর।—

জয় দাতাকে দাওদের শোশনির বিষয়।—

গীত ৬৯ হে ঈশ্বর আমাকে তার কেননা জল সান্দিয়াছে
আমার প্রানে আমি গভীর কাদায় ডুবিয়া রহি
আমি গভীর জলে আসিয়াছি এবং বন্যা ঢাকে
৩ আমাকে। আমি চেচাইতেং পরিশ্রান্ত হইয়াছি
আমার নলি শুষ্ক হইয়াছে আমার চক্ষু ক্ষীন
৪ হইয়াছে আমার ঈশ্বরে ভরসা করনেতে। যাহারা
অকারন ঘৃনা করে আমাকে তাহারা আমার মাথা
চুল হইতে অনেক আমার যে শত্রু মিথ্যা করিয়া
হিংসা করিতে চাহে আমাকে তাহারা বলবান। তখন
৫ যাহা আমি লইলাম না তাহা ফের দিলাম। হে
ঈশ্বর তুমি জানিতেছ আমার পাগলামি ও আমার
৬ দোষ ঢাকিৎ নহে তোমার দেখন হইতে। হে সৈন্যর
য়িহহা যাহারা তোমাকে অপেক্ষ করে তাহারদিগকে
লজ্জিৎ হইতে দেও না আমার কারনে হে য়িশরা
লের ঈশ্বর যাহারা চেষ্টা করে তোমাকে তাহার

৭ দিগকে বিবর্ন হইতে দেও না । কেননা তোমার জন্যে
আমি নিন্দা পাইয়াছি লজ্জা ও ঢাকিয়াছে আমার
৮ মুখ । আমি চণ্ডাল মত স্বতন্ত্র হইয়াছি আমার
ভ্রাতাগন হইতে অন্য বর্নবৎ স্বতন্ত্র আমার
৯ মাতার পুত্রগন হইতে । কেননা তোমার
মন্দিরার্থে তাপ খাইয়া ফেলিয়াছে আমাকে তোমার
নিন্দকেরদের বিম্বকাওন পড়িল আমার ওপর ।
১০ যখন আমি ক্রন্দন করিলাম আমার প্রানের
১১ ওপবাসে তাহাই ছিল আমার অভ্রম । আমি ও
বস্ত্রার্থে চট পরিলাম আমি ছিলাম তাহারদের
১২ কাহিনি । যাহারা দ্বারে বসে তাহারা কথা
কহে আমার বিষয় আমি ও বেশুরের গীতের
১৩ বিষয় । কিন্তু হে যিহহা আমি নিবেদন করি
তোমার ঠাঁই গ্রাহ্য কালে । হে ঈশ্বর তোমার
অনেক কৃপায় শুন আমার কথা তোমার মুক্ত করন
১৪ সত্যতায় । ওদ্ধার কর আমাকে কাদা হইতে আমাকে
ডুবিতে দেহ না আমার রক্ষ যেনহয় তাহারদিগ
হইতে যে ঘৃনা করে আমাকে এবং গভীর জল
১৫ হইতে জলপ্লাবিতে যেন আমাকে গ্রাস করে না ।
গভীর যেন আমাকে খাইয়া ফেলে না ও খাদ
১৬ যেন মুখ বন্ধ করে না আমার ওপর । হে যিহহা
শুন আমারি কথা কেননা তোমার ক্ষমা ওত্তম তোমার
অনেক কৃপানুযায়ি দৃষ্টি কর আমার ওপর ।
১৭ তোমার মুখ ও গুপ্ত রাখিও না তোমার চাকর হইতে
আমার দুঃখ আছে তেকারন শীঘ্র শুন আমার কথা ।

১৮ আমার আত্মার নিকট হইয়া তাহা মুক্ত কর রক্ষ কর
১৯ আমাকে কেননা আমার শত্রু আছে। আমার
ঈষকান ও লজ্জা ও অভ্রম তুমি জ্ঞাত হইয়াছ আমার
২০ সকল শত্রু তোমার গোচরে। ঈষকান ভাঙ্গিয়াছে
আমার মন ও আমি ওদ্বিগ্নিত ছিলাম আমি দয়ালু
কাহাকে চেষ্টা করিলাম কিন্তু কেহ নহে শান্তনকরে
২১ কিন্তু পাইলাম না। তাহারা পিত্তি খাইতে দিল আমাকে
ও আমি তৃষ্ণিত হইলে তাহারা সির্কা পীতে দিল
২২ আমাকে। তাহারদের মেজ হওক একটা ফাঁদ
তাহারদের আগে যাহা তাহারদের ভাগ্য হইত তাহা
২৩ হওক কলের ন্যায়। তাহারদের চক্ষে অন্ধকার
হওক তাহাতে দেখিতে পায় না তাহারদের কমর
২৪ নিত্য নড়াও। ঢাল তোমার ক্রোধ তাহারদের
২৫ ওপর তোমার মহা কোপ ধরুক তাহারদিগকে। হওক
তাহারদের অট্টালিকা নর শূন্য ও কেহ বাস করুক না
২৬ তাহারদের তাম্বুতে। কেননা যাহাকে তুমি মারিয়াছ
তাহাকে তাহারা বিপক্ষতা করে ও তাহারা কহে
২৭ তোমার প্রহারিতের ব্যথার্থে। তাহারদের অযথার্থের
ওপর অযথার্থ হিসাব কর তাহারা যেন তোমার
২৮ প্রকৃতার্থে প্রবেশ করিতে পায় না। তাহারদের নাম
ছেদন হওক জীবত লোকের পুস্তি হইতে ধার্মিকের
২৯ সহিত যেন লেখা যায় না। কিন্তু আমি দুঃখিৎ
ও ক্ষোভিত হে ঈশ্বর তোমার ওদ্ধার যেন ওঠাইবে
৩০ আমাকে। আমি গীত গানে স্তব করিব ঈশ্বরের
নাম আমি প্রশংসা করিতেৎ তাহার নাম করিব।